ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



ছেলে মানুষ করা খুব কঠিন, কেন বললেন কারিনা?

পৃঃ ৫



আমার সব স্বপ্ন পূরণ হয়েছে: মেসি

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ০৯০ ● কলকাতা ● ১৯ চৈত্র, ১৪৩০ ● মঙ্গলবার ● ০২ এপ্রিল, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

ভোট আবহে

## ফের লক্ষ লক্ষ টাকার সোনা উদ্ধার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভোট আবহে ফের লক্ষ লক্ষ টাকার সোনা উদ্ধার। পেট্রাপোল সীমান্তে চোরাচালানকারীদের ছক বানচাল করল বিএসএফ। গ্রেপ্তার করা হয় দুই সন্দেহভাজন পাচারকারীকে। ধৃতদের কাছ থেকে আনুমানিক ৬৫ লক্ষ টাকার সোনা বাজেয়াপ্ত করা হয়েছে। জওয়ানদের অবাক করে এক পাচারকারী নাকি চোরাই সোনা লুকিয়ে রেখেছিল নিজের মলদ্বারে।জওয়ানদের এই সাফল্যে খুশি প্রকাশ করেছেন দক্ষিণবঙ্গ সীমান্তের জনসংযোগ আধিকারিক। তিনি জানিয়েছেন, কুখ্যাত চোরাকারবারিরা গরিব ও নিরীহ মানুষকে সামান্য অর্থের প্রলোভন দিয়ে ফাঁদে ফেলে। তিনি সীমান্তে বসবাসকারী লোকদের কাছে আবেদন করেছেন যে তাঁরা যদি সোনা চোরাচালান সংক্রান্ত কোনও তথ্য পান তাহলে বিএসএফের সীমা সাথী হেল্পলাইন নম্বর ১৪৪১৯ -এ জানাতে পারেন। এছাড়া দক্ষিণবঙ্গ সীমান্ত আরও একটি নম্বর ৯৯০৩৪৭২২২৭ জারি

এরপর ৩ পাতায়

আদর্শ আচরণবিধি ভঙ্গ করেছেন

## দিলীপ ঘোষ', জানিয়ে দিল জাতীয় নির্বাচন কমিশন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিতর্কিত মন্তব্যের জের, আদর্শ আচরণবিধি ভঙ্গ করেছেন দিলীপ ঘোষ', জানিয়ে দিল জাতীয় নির্বাচন কমিশন। বিতর্কিত মন্তব্য নিয়ে কমিশনের পাঠানো নোটিসের উত্তরে দিলীপ ঘোষের জবাবে অসন্তোষপ্রকাশ কমিশনের। ভবিষ্যতে জনগণের সামনে কোনও বক্তব্য রাখার ক্ষেত্রে দিলীপ ঘোষকে আরও সতর্ক হওয়ার নির্দেশ কমিশনের। কয়েকদিন আগে মুখ্যমন্ত্রীর বিশেষ বিশেষ বক্তব্যের প্রসঙ্গ তুলে পাল্টা তোপ দেগেছিলেন দিলীপ ঘোষ। সেই বক্তব্য নিয়েই পাল্টা আক্রমণ করেছিল তৃণমূল। মমতা বন্দ্যোপাধ্যায়ের পরিবারের প্রতি, শুভেন্দু অধিকারী, শিশির অধিকারীকে তৃণমূলের আক্রমণের বিষয়টিও। তাঁর দাবি ছিল, যা বলা হয়েছে সেই সূত্রে ধরেই তিনি প্রতিক্রিয়া দিয়েছেন। কাউকে বয়ক্তিগত অসম্মান করার ইচ্ছে তাঁর ছিল না।দলের শীর্ষ নেতৃত্বকেও নেতাদের আচরণবিধি নিয়ে সতর্ক করতে হবে, জানাল কমিশন| কংগ্রেস নেতা সুপ্রিয়া শ্রীনতের বিরুদ্ধেও ওঠা বিতর্কিত মন্তব্যের অভিযোগ নিয়েও একই বক্তব্য নির্বাচন কমিশনের।

তৃণমূল নেতা জয়প্রকাশ মজুমদার বলেন, 'দিলীপ ঘোষ আগেও এরকম করেছেন। তিনি বারবার পার পেয়ে যান।

এরপর ৩ পাতায়

বিশ্ব বাজারে ২১ হাজার কোটি টাকার বেশি

# অস্ত্র রপ্তানি করে নজির গড়ল ভারত



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দীর্ঘ বছর ধরে যে বাজারে একচেটিয়া ভাবে 'রাজ' করে আসছিল পশ্চিমী দেশগুলি। সেখানেই এবার নিজের অস্তিত্ব জানান দিল ভারত। প্রথমবার বিশ্ব বাজারে ২১ হাজার কোটি টাকার বেশি অস্ত্র রপ্তানি করে নজির গড়ল দেশ। সোমবার সোশাল মিডিয়ায় এই তথ্য প্রকাশ করলেন কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং ।অস্ত্র আমদানিকারী দেশের তালিকায় ভারতের স্থান থাকলেও সাম্প্রতিক সময়ে আত্মনির্ভর ভারতের ডাক দিয়েছে কেন্দ্রীয় সরকার। এক্ষেত্রে আমদানি প্রক্রিয়া জারি থাকলেও অস্ত্র রপ্তানিতে কোমর কষতে শুরু করে দেশ। গত কয়েক বছরে এক্ষেত্রে বিপুল সাফল্য নজরে আসে। ২০২২ সালের জানুয়ারি মাসে ফিলিপিন্সের সঙ্গে ব্রহ্মোস সুপারসনিক ক্রুজ মিসাইলের চুক্তি হয় ভারতের। যেখানে টাকার অঙ্ক ছিল ৩৭ কোটি ডলার। সামরিক ক্ষেত্রে বেসরকারি সংস্থাগুলির অংশগ্রহণে দেশের প্রতিরক্ষা রপ্তানিও উল্লেখযোগ্য হারে বাড়ে। বর্তমানে ৮৫ টিরও বেশি দেশের সঙ্গে বাণিজ্যিকভাবে চলছে প্রতিরক্ষা সামগ্রীর রপ্তানি। দেশের শতাধিক সংস্থা প্রতিরক্ষা সামগ্রী উৎপাদনের কাজে হাত লাগিয়েছে। উৎপাদনের তালিকায় রয়েছে ফাইটার প্লেন, মিসাইল, রকেট লঞ্চার ইত্যাদি।আত্মনির্ভর ভারতের লক্ষ্যে এই সাফল্যের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির প্রশংসাও করলেন তিনি।

এক্স হ্যান্ডেলে দেশের সাফল্যের এই তথ্য প্রকাশ্যে এনে প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং লেখেন, "অত্যন্ত আনন্দের সঙ্গে দেশবাসীকে জানাতে চাই দেশের যুদ্ধাস্ত্র ও প্রতিরক্ষা

এরপর ৩ পাতায়

জন্ম-মৃত্যুর জাল সার্টিফিকেট


## তৈরি করতেন শেখ শাহজাহান



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শনিবার রাতে শেখ শাহজাহানকে গ্রেফতার করেছে ইডি। আদালতের অনুমতি পেয়ে জেলে জেরার পরই সন্দেশখালির মাস্টারমাইন্ডকে গ্রেফতার করে কেন্দ্রীয় তদন্তাকারী এজেন্সি। আর তদন্তে নেমে একের পর এক নতুন তথ্য জানতে পারছে ইডি। সামনে আসছে শাহজাহানের নয়া কীর্তি।স্কুলে ভর্তি বা চাকরির ক্ষেত্রে এই সার্টিফিকেট জমা দিয়ে সন্দেশখালির বহু তরুণ-তরুণী সেগুলি জাল বলে জানতে পেরেছেন। শুধু তাই নয়, আকুঞ্জিপাড়ায় আশ্রয় নেওয়া বহু রোহিঙ্গাকেও জাল শংসাপত্র দিয়েছেন শাহজাহান, তদন্তে এমন তথ্যও উঠে এসেছে। কত জাল শংসাপত্র দিয়েছিলেন শাহজাহান, তার হিসেব নিচ্ছে ইডি। একইসঙ্গে ভেড়ি ব্যবসা থেকে হাতানো নগদ টাকা শাহজাহান কলকাতার কয়েকটি কোম্পানির ব্যবসায়

এরপর ৩ পাতায়





## দীর্ঘদিন রাস্তার বেহাল অবস্থা

# নির্বাচনী প্রচারে এসে রাস্তা নির্মাণের প্রতিশ্রুতি দেবের



**সন্ন্যাসী কাউরী, পাঁশকুড়া . ১ লা এপ্রিল : নিউজ সারাদিন :** দুর্ভোগ যাত্রার মধ্য দিয়ে রবিবার পাঁশকুড়ায় নির্বাচনী প্রচার করলেন দেব।। প্রচারে এসে রাস্তার বেহাল দশা দেখে উদ্বেগ প্রকাশ করলেন তৃণমূল কংগ্রেস প্রার্থী দেব। নিত্যযাত্রী ও সাধারন মানুষের দুর্ভোগ যন্ত্রণার কথা স্বীকার করে দ্রুত রাস্তা নির্মাণের প্রতিশ্রুতি দিলেন সাংসদ ও ঘাটালের তৃণমূল কংগ্রেস প্রার্থী দেব। রবিবার পাঁশকুড়া ব্লকে নির্বাচনী প্রচারে এসে জশোড়া থেকে মাইশোরা পর্যন্ত বেশ কয়েকটি জায়গায় পথসভা করেন এবং বিভিন্ন মন্দিরে পুজো দেন তৃণমূল কংগ্রেস প্রার্থী দেব ( দীপক অধিকারী)। এদিন যশোড়া থেকে রোড শো করে এসে দ্বিতীয় তারাপীঠ মন্দির ও বিকড়া কালি মন্দিরে পুজো দেন তিনি।

মাইশোরা অঞ্চলের অন্তর্গত রাধাবল্লভপুর বাজারে পথসভায় বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, আমি এই নির্বাচনে হারি বা জিতি এই রাস্তা তৈরি করবার ব্যাপারে উদ্যোগ গ্রহণ করব। তিনি আরো বলেন আমি মানুষের জন্য কাজ করতেই রাজনীতিতে এসেছি। আপনারা ভোট দেন বা নাই দেন আমি আপনাদের সামনে কথা দিয়ে গেলাম রাস্তার কাজ যাতে দ্রুত শুরু যায়, সে ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করব। জশোড়া থেকে বলরামপুর পর্যন্ত প্রায় ১৫ কিমি রাস্তা দীর্ঘদিন ধরে বেহাল অবস্থা হয়ে পড়ে রয়েছে। অনেক জায়গায় তৈরি হয়েছে যেন মরণফাঁদ । ভাঙ্গাচোরা রাস্তার উপর দিয়ে যাতায়াত করতে হয় স্কুল পড়ুয়া, প্রসূতি, মুমূর্ষ রোগী ও নিত্যযাত্রীদের। দুর্ভোগ যন্ত্রণা চরমে পৌঁছায় বর্ষাকালে । খানাখন্দে জল জমে থাকায় অসুবিধায় পড়তে হয় নিত্যযাত্রীদের।

এদিনের সভা মঞ্চ থেকে দেবের কাছ থেকে দ্রুত রাস্তা নির্মাণের প্রতিশ্রুতি পাওয়াই খুশি এলাকার সাধারণ মানুষ। এলাকার বাসিন্দা ও গ্রামীণ চিকিৎসক চন্দন পাল বলেন, দীর্ঘদিন ধরে রাস্তাটি খুব খারাপ অবস্থায় রয়েছে। ভাঙাচোরা কিছু কিছু জায়গায় গর্ত খানাখন্দের ফলে চরম দুর্ভোগের মধ্য দিয়ে যাতায়াত করতে হয়। তৃণমূল কংগ্রেস প্রার্থীদের রাস্তা তৈরীর ব্যাপারে উদ্যোগ গ্রহণ করবে বলেছেন। যদি রাস্তাটি দ্রুত মেরামত করা হয় তাহলে আমরা খুশি হব। গৃহবধূ রুমা সাঁতরা বলেন, রাস্তাটার অবস্থা এতটাই খারাপ যে ছেলেদের স্কুলে পাঠাতে ভয় লাগে। এই রাস্তা দিয়ে যাতায়াত আমাদের সকলের খুবই অসুবিধা হয়। আমাদের একটাই দাবি প্রশাসন রাস্তা মেরামতের ব্যাপারে যেন দ্রুত ব্যবস্থা গ্রহণ করেন।

তৃণমূল কংগ্রেস প্রার্থী এদিন পাঁশকুড়া ব্লকের কেশাপাট এবং মাইসশোরা অঞ্চলে বিভিন্ন এলাকায় প্রচার কর্মসূচিতে অংশগ্রহণ করেন। নির্বাচনী প্রচারে উপস্থিত ছিলেন তৃণমূল কংগ্রেসের পাঁশকুড়া ব্লক সভাপতি সুজিত রায়, সহ-সভাপতি শ্রীকান্ত হাজরা, পাঁশকুড়া পৌরসভার চেয়ারম্যান নন্দকুমার মিশ্র, জাইদুল ইসলাম, জামশেদ আলী সহ অন্যান্য তৃণমূল নেতৃত্ব। দেবকে দেখার জন্য রাস্তার দুই ধারে সাধারণ মানুষের ভিড় ছিল চোখে পড়ার মতো।

## দাতিক নাট্য সংস্থার নাট্য উৎসব

# মন কাড়লো দর্শকদের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নবব্যারাকপুর কৃষ্টি প্রেক্ষাগৃহে ২৯-৩১শে মার্চ হয়ে গেলো পদাতিক নাট্য সংস্থার ৩ দিন ব্যাপী নাট্য উৎসব। এ বছর ৫ম বর্ষে পা দিলো পদাতিকের নাট্য উৎসব। উৎসবের প্রথম দিন পদাতিক নাট্য সংস্থার প্রযোজিত ও সাধন মুখোপাধ্যায় নির্দেশিত নাটক গণশত্রু মঞ্চস্থ করা হয়। দ্বিতীয় দিন মঞ্চস্থ হয় রানা বসু নির্দেশিত নাটক সক্রেতাস। নাম ভূমিকায় ছিলেন বিশিষ্ট অভিনেতা রজতাভ দত্ত। এবং শেষ দিন মঞ্চস্থ হয় স্বপ্নদ্বীপ সেনগুপ্ত নির্দেশিত নাটক জয় বাংলা। এই নাটকে বঙ্গবন্ধুর ভূমিকায় অভিনয় করতে দেখা যায় অভিনেতা দেবদূত ঘোষ কে। তিন দিন ব্যাপী এই নাট্য উৎসব মন কেড়েছে সাধারণ মানুষের। পদাতিক নাট্য সংস্থার তরফে জানানো হয় দর্শক কে নাটকের প্রতি আকর্ষিত করতে বিভিন্ন স্বাদের নাটক তারা সারা বছর উপস্থাপণ করে। এই নাট্য উৎসবের উদ্বোধনে উপস্থিত ছিলেন বিশিষ্ঠ নাট্য ব্যক্তিত্ব কুন্তল মুখোপাধ্যায়, সঞ্জন কাঞ্জিলাল সহ অনেকে। উদ্বোধনী অনুষ্ঠানে যোগ দিয়ে মানুষ কে নাটক দেখতে আহ্বান জানান নবব্যারাকপুর পৌরসভার পৌর প্রধান প্রবীর সাহা সহ একাধিক পৌরপিতা ও পৌরমাতা।

## সোমবার থেকে দেশে লাগু

# হতে চলেছে পরিবর্তিত আয়কর নীতি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** গত ফেব্রুয়ারি মাসে অন্তর্বর্তীকালীন বাজেটে আয়করের ক্ষেত্রে বেশ কিছু নতুন নিয়মের কথা ঘোষণা করেছিলেন অর্থমন্ত্রী নির্মলা সীতারমন । উদ্দেশ্য ছিল দেশের কর ব্যবস্থার সরলীকরণ। নতুন আর্থিক বছর শুরু হওয়ার সঙ্গে সঙ্গেই সোমবার থেকে দেশে লাগু হতে চলেছে পরিবর্তিত আয়কর নীতি ।উল্লেখ্য, নয়া আয়কর পদ্ধতিতে ৩ লাখ পর্যন্ত বার্ষিক আয়ে কোনও কর দিতে হবে না। ৩ লাখ ১ টাকা থেকে ৬ লাখ পর্যন্ত আয়ে ৫ শতাংশ কর, ৬ লাখ ১ টাকা থেকে ৯ লাখ পর্যন্ত আয়ে ১০ শতাংশ কর। ৯ লাখ ১ টাকা থেকে ১২ লাখ পর্যন্ত আয়ে ১৫ শতাংশ কর, ১২ লাখ ১ টাকা থেকে ১৫ লাখ পর্যন্ত আয়ে ২০ শতাংশ কর। এবং ১৫ লাখের ঊর্ধ্বে ৩০ শতাংশ কর দিতে হবে।নতুন কর ব্যবস্থায় এবার থাকছে ডিফল্ট আয়কর কাঠামো, স্ট্যান্ডার্ড ডিডাকশন, লিভ এনক্যাশমেন্ট, সারচার্জের মতো একাধিক বিষয়। এক ঝলকে দেখে নেওয়া যাক কী এই পদ্ধতি।

নয়া নিয়ম অনুযায়ী আয়কর রিটার্ন দাখিলের প্রক্রিয়া সহজ করে তুলতে রাখা হয়েছে ডিফল্ট আয়কর কাঠামো। লক্ষ্য আরও বেশি করদাতাকে নয়া আয়কর কাঠামোতে যুক্ত করা। তবে যদি কেউ নতুন প্রক্রিয়ায় আসতে না চান সেক্ষেত্রে তিনি পুরনো কাঠামোতেই থাকতে পারেন। নয়া এই ব্যবস্থায় কর ছাড়ের ঊর্ধ্বসীমা ৫ লক্ষ টাকা থেকে ৭ লক্ষ করা হয়েছে। পুরনো আয়কর কাঠামোর স্ট্যান্ডার্ড ডিডাকশন রয়েছে নয়া আয়কর কাঠামোতেও।নয়া কর পদ্ধতিতে প্রাথমিক করছাড়ের সীমা ২.৫ লক্ষ টাকা থেকে বাড়িয়ে ৩ লক্ষ টাকা করা হয়েছে। পাশাপাশি কারও বার্ষিক আয় পাঁচ কোটি টাকার বেশি হলে সারচার্জ বাবদ আর ৩৭ শতাংশ লাগবে না। সেই সারচার্জ কমিয়ে ২৫ শতাংশ করা হয়েছে। নয়া ব্যবস্থায় করদাতাদের আর ভ্রমণের টিকিট এবং ভাড়ার রসিদের ধারাবাহিক হিসেব রাখতে হবে না। এছাড়া নয়া নীতিতে ম্যাচিওরিটির পরে কোনও বিমা পলিসি থেকে যে অর্থ পাওয়া যাবে তার উপর কর দিতে হবে গ্রাহককে। এছাড়া সরকারি কর্মচারী নন, এমন কর্মচারীদের লিভ এনক্যাশমেন্টের ক্ষেত্রে করছাড়ের সীমা বাড়িয়ে ২৫ লাখ টাকা হয়েছে।

## ৬মে থেকে ২জুন পর্যন্ত গরমের ছুটি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** স্কুলের গরমের ছুটি এগিয়ে আনা হল। গরমের ছুটি ১২ দিন বাড়ানো হল।৬মে থেকে ২জুন পর্যন্ত গরমের ছুটি। সোমবার।বিজ্ঞপ্তি জারি করল মধ্যশিক্ষা পর্ষদ। রাজ্যে মোট ৭ দফাতে লোকসভা নির্বাচন অনুষ্ঠিত হতে চলেছে। রাজ্যে অধিকাংশ স্কুলেই নির্বাচনের বুথ হয়।১৯শে এপ্রিল দেশে লোকসভা ভোট শুরু হচ্ছে।গত বছর অতিরিক্ত তাপপ্রবাহের দরুন রাজ্যের সরকারি স্কুলগুলিতে নির্ধারিত সময়ের আগে গরমের ছুটি ঘোষণা করেছিল মধ্যশিক্ষা পর্ষদ। ২৪ মে থেকে গত বছর গরমের ছুটি শুরু হওয়ার কথা থাকলেও ২ মে থেকে গরমের ছুটি শুরু হয়েছিল। পরে ১৫ জুন রাজ্য গরমের ছুটি ঘোষণা করেছিল। এবারও ২ মে থেকে রাজ্যের স্কুলগুলিতে শুরু হচ্ছে গরমের ছুটি।প্রথম দফায় রাজ্যে কোচবিহার, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি কেন্দ্রে ভোট রয়েছে। তাই ঐসব জেলায় ১৬ এপ্রিল থেকে ২০ এপ্রিল পর্যন্ত সমস্ত স্কুল বন্ধ রাখার নির্দেশ জারি করা হয়েছে।

দ্বিতীয় দফায় ২৬ এপ্রিল ভোট রয়েছে দার্জিলিং, রায়গঞ্জ ও বালুরঘাট কেন্দ্রে। সে কারণে ওই তিনটি কেন্দ্র যে জেলার অধীনে সেখানে ২৪ এপ্রিল থেকে ২৭ এপ্রিল পর্যন্ত সমস্ত সরকারি স্কুল যেখানে বুথ হয় সেখানে স্কুল বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে। ৬ মে রাজ্যের সমস্ত সরকারি স্কুলে গরমের ছুটি শুরু হবে। শেষ হবে ২ জুন। লোকসভা ভোট শেষ হবে ১ জুন।

## বাংলার যে ১৪ লক্ষ মানুষ

# উজ্জ্বলা গ্যাস থেকে বঞ্চিত বলে অভিযোগ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** উদ্দেশ্য ছিল বাংলার প্রশাসনের ঘাড়ে বন্দুক রেখে গুলিটা চালানোর। কিন্তু তাতে রাজী হননি জেলা শাসকেরা। তাঁরা বেঁকে বসতেই সব কিছু চলে যায় ঠান্ডা ঘরে। একই সঙ্গে বাংলার প্রতি কেন্দ্রীয় বঞ্চনার তালিকাতে উজ্জ্বলা যোজনায় বিনামূল্যে গ্যাস সংযোগ না পাওয়ার ঘটনাও জুড়ে গিয়েছে।এরপরেই রাজ্য সরকার এই প্রকল্প থেকে সরে আসে। এখন কেন্দ্রীয় পেট্রোলিয়াম মন্ত্রক সূত্রে জানা যাচ্ছে, কেন্দ্র সরকার গত বছর সেপ্টেম্বরে ঘোষণা করেছিল ৭৫ লক্ষ পরিবারে বিনা পয়সায় গ্যাস সংযোগ দেওয়া হবে। এখন বাংলাকে বাদ দিয়েই ৭৩ লক্ষের লক্ষ্যপূরণ হয়ে গিয়েছে। অর্থাত, বাংলা বঞ্চিত হলেও কেন্দ্রের টার্গেট পূরণে কোনও সমস্যা হবে না। তাই কেন্দ্রের তরফে কার্যত জানিয়ে দেওয়া হয়, বাংলাকে নিয়ে আর না চিন্তা করলেও চলবে। এই আবহে গ্যাস ডিস্ট্রিবিউটরদের একাংশ মনে করছে, এ রাজ্যে উজ্জ্বলার ভবিষ্যত আপাতত অন্ধকার। বাংলার যে ১৪ লক্ষ মানুষ এই প্রকল্পের সুবিধা পেতে আবেদন করেছিলেন, তাঁরা বঞ্চিতদের দলেই থেকে গেলেন।যখন প্রথম দিকে কেন্দ্র সরকার উজ্জ্বলা যোজনা চালু করে তখন ঠিক করা হয়েছিল, বিপিএল তালিকাভুক্তদেরই এই সংযোগ দেওয়া হবে। পরে সেই শর্ত থেকে সরে আসে কেন্দ্র। পরিবর্তে দেওয়া হয় নয়া শর্ত। মোদি সরকারের সেই নয়া শর্তে বলা হয়, প্রকল্পের অংশিদার হতে হবে রাজ্য সরকারকেও। সেই সঙ্গে রাজ্যের প্রতিটি জেলার জন্য জেলা শাসকের নেতৃত্বে গঠিত করতে হবে একটি কমিটি। এই কমিটিই দেখবে কারা উজ্জ্বলা যোজনায় বিনামূল্যে গ্যাস সংযোগ পাওয়ার যোগ্য আর কারা নন। আর এই কমিটি নিয়েই যাবতীয় বিরোধ। নিট রেজাল্ট বাংলার

এরপর ৩ পাতায়









## ১০০ দিনের কাজের টাকা নিয়ে

# নয় ছয়ের অভিযোগ, গ্রেপ্তার ২

**বনগাঁ: নিউজ সারাদিন :** ১০০ দিনের কাজের টাকা নিয়ে নয়ছয়ের অভিযোগ। উত্তর ২৪ পরগনার গাইঘাটার ব্লক অফিসে গ্রামবাসীদের অভিযোগ পেয়ে দুজনকে গ্রেপ্তার করল পুলিশ। এই দুজন সুপারভাইজার বলে জানা যাচ্ছে। সোমবার তাঁদের তোলা হবে বনগাঁ মহকুমা আদালতে। অভিযোগকারীদের দাবি, ১০০ দিনের কাজের যে প্রাপ্য টাকা, সেটাই তাঁদের দিতে হবে।গাইঘাটার এক মহিলার কথায়, "আমরা একমাস কাজ করেছি। এখন রাজ্য সরকার সেই টাকা দিচ্ছে। কারও অ্যাকাউন্টে ১৫০০, কারও অ্যাকাউন্টে ৪০০০ টাকা ঢুকেছে। ডলিদিকে

এরপর ৩ পাতায়

মুম্বাই আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে

## ডক ফিল্ম বাজার-এর জন্য জমা দেওয়ার সময়সীমা ১০ এপ্রিল পর্যন্ত বাড়ানো হয়েছে

**মুম্বাই, ০১ এপ্রিল, ২০২৪ : নিউজ সারাদিন :** তথ্য ও সম্প্রচার মন্ত্রক অষ্টাদশ মুম্বাই আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব (এমআইএফএফএ)-এর পাশাপাশি আয়োজিত এ যাবৎকালের প্রথম তথ্যচিত্রের বাজার বা ডক ফিল্ম বাজারের জন্য চলচ্চিত্র জমা দেওয়ার সময়সীমা বাড়িয়ে ১০ এপ্রিল পর্যন্ত করেছে। এর আগে এই সময়সীমা ধার্য করা হয়েছিল ৩১ মার্চ পর্যন্ত। দেশের ভৌগোলিক অবস্থান অনুযায়ী, দূরবর্তী স্থানে বসবাসকারী চলচ্চিত্র নির্মাতারা যাতে সহজে তাঁদের কাজ জমা দিতে পারেন, সেজন্য এই সিদ্ধান্ত। মুম্বাইয়ে ১৬-১৮ জুন, ২০২৪ পর্যন্ত এই চলচ্চিত্র বাজার আয়োজন করা হবে। তথ্যচিত্র, স্বল্প দৈর্ঘ্যের চলচ্চিত্র ও অ্যানিমেশন চলচ্চিত্রের জনপ্রিয়তা বাড়াতে এবং এক্ষেত্রে নির্মাতা, নির্দেশক, প্রোডাকশন ও বন্টনের কাজে যুক্ত ব্যক্তিদের মেধা দেশের বিভিন্ন প্রান্তে পৌঁছে দিতে এই উদ্যোগ। চলচ্চিত্র নির্মাতারা তাঁদের কাজ প্রদর্শনের মাধ্যমে ঘরোয়া ও আন্তর্জাতিক স্তর থেকে অর্থ সাহায্য পাওয়ার সম্ভাবনা উন্মুক্ত করতে পারবেন। নির্বাচিত কাজগুলি প্রতিনিধিদের সামনে প্রদর্শিত হবে। এই উদ্যোগ সম্পর্কে এনএফডিসি-র চলচ্চিত্র বিষয়ক যুগ্ম সচিব এবং এমডি শ্রী পৃথুল কুমার বলেন, এই ডক চলচ্চিত্র বাজারের মূল লক্ষ্য আন্তর্জাতিক স্তরে ভারতের কাজকে প্রদর্শন করা। এই মঞ্চ থেকে চলচ্চিত্র নির্মাতারা বর্তমান চাহিদা, দর্শকের পছন্দ ও বিক্রয় কৌশল সম্পর্কে ধারণা পাবেন। এই শিল্পের সঙ্গে যুক্ত বিশেষজ্ঞরা ও অভিজ্ঞ চলচ্চিত্র নির্মাতারা নির্বাচিত প্রকল্পগুলি সম্পর্কে তাঁদের বিশেষ মতামত জানাবেন। কাজ জমা দেওয়ার প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত জানতে এমআইএফএফ ওয়েবসাইট-টি http://www.miff.in দেখুন।

১-ম পাতার পর

# আদর্শ আচরণবিধি ভঙ্গ করেছেন দিলীপ ঘোষ', জানিয়ে দিল জাতীয় নির্বাচন কমিশন

আমি একটাই দৃষ্টি আকর্ষণ করছি সাধারণ মানুষের হয়ে, নির্বাচন কমিশনের অনেক ক্ষমতা নির্বাচন নিয়ে। তারা দিলীপ ঘোষকে শাস্তি দিয়ে দৃষ্টান্ত রাখুন। যাতে একটা প্রথা তৈরি হয়।বিজেপির মুখপাত্র শমীক ভট্টাচার্য বলেন, 'নির্বাচন কমিশন তাদের অবস্থান স্পষ্ট করেছে। দল দিলীপ ঘোষকে সতর্ক করেছে। দল তার অবস্থান জানিয়েছে। মুখয়মন্ত্রীর পরিবার, মুখ্যমন্ত্রীর সম্মান, মুখয়মন্ত্রীর মর্যাদা, মুখ্যমন্ত্রীর রাজনৈতিক উচ্চতাকে আক্রমণ করার কোনও ইচ্ছে দিলীপ ঘোষের ছিল না। তিনি যে আক্রমণ করেছেন সেটা রাজনৈতিক আক্রমণ, শব্দচয়নের ভুলের জন্য এমন পরিস্থিতি তৈরি হয়েছে। যাঁরা এটাকে নির্বাচনী ইস্যু করছেন তাঁরা কী চাইছেন? দিলীপ ঘোষের শাস্তি দেবেন? প্রার্থীপদ বাতিল করবেন? এমনটা হয় নাকি?' শমীক ভট্টাচার্য তুলে এনেছেন খোদ মুখ্যমন্ত্রীর বক্তৃতার উদাহরণ। প্রধানমন্ত্রীকে কোমরে দড়ি পরে ঘোরানো, স্বরাষ্ট্রমন্ত্রীকে বিশেষ ভাবে সম্বোধন করার কথা মনে করিয়ে দিয়ে পাল্টা আক্রমণ করেছেন তিনি।

১-ম পাতার পর

## জন্ম-মৃত্যুর জাল সার্টিফিকেট তৈরি করতেন শেখ শাহজাহান

বিনিয়োগ করেছেন। সেইসব কোম্পানির মালিকদের জিজ্ঞাসাবাদ করতে চায় ইডি।নারী নির্যাতন থেকে জোর করে জমি হাতিয়ে নেওয়া সহ সন্দেশখালির তৃণমূল নেতা শাহজাহানের বিরুদ্ধে ভূরি ভূরি অভিযোগ গ্রামবাসীদের। এবার সামনে এল নতুন অভিযোগ। জন্ম-মৃত্যুর জাল সার্টিফিকেট তৈরি করতেন শেখ শাহজাহান। যা বেকায়াদায় পড়া বহু যুবক-যুবতীদের সন্দেশখালির আগরহাটি গ্রাম পঞ্চায়েত অফিস থেকে দিতেন তিনি। তদন্তে নেমে ইডি জানতে পেরেছে, পঞ্চায়েত প্রধান থাকাকালীন এই কাজ শুরু করেন শাহজাহান।

তদন্তকারীদের দাবি, প্রধান থাকাকালীন আগরহাটি পঞ্চায়েতকে দুর্নীতির আখড়া বানিয়েছিলেন শাহজাহান। তাঁর ভয়ে সিঁটিয়েই থাকতেন সকলে। সন্দেশখালির বেতাজ বাদশার উপর কথা বলার সাহস ছিল না কারো। 'ভাই'-এর নির্দেশ মতোই বিভিন্ন দুর্নীতিমূলক কাজে মদত দিতে বাধ্য হতেন তাঁর অনুগামীরা। কেন্দ্রীয় এজেন্সি জানতে পেরেছে, আগরহাটি গ্রাম পঞ্চায়েত থেকে জন্ম-মৃত্যুর শংসাপত্র দেওয়া হতো। যেখানে সরকারি নিয়মের তোয়াক্কা না করে একটি প্যাড ছাপিয়েছিলেন শাহজাহান। কেউ জন্ম-মৃত্যুর শংসাপত্র নিতে এলে ওই প্যাডেই তার নাম, বাবার নাম, ঠিকানা ইত্যাদি লিখে স্বাক্ষর করে দিতেন শাহজাহান। যেখানে থাকত না কোনও সরকারি নম্বর। এমনকী, ওই সংক্রান্ত নথি সরকারিভাবে নথিভুক্ত রাখা হতো না। ফলে সংশ্লিষ্ট এলাকায় কত জনের জন্ম বা মৃত্যু হয়েছে তা সরকার জানতেই পারত না। দশ বছর ধরে এভাবেই শাহজাহান নকল শংসাপত্র তৈরির কাজ চালিয়ে গিয়েছেন বলে কেন্দ্রীয় এজেন্সি সূত্রের খবর।

১-ম পাতার পর

## বিশ্ব বাজারে ২১ হাজার কোটি টাকার বেশি অস্ত্র রপ্তানি করে নজির গড়ল ভারত

সামগ্রী রপ্তানিতে অভূতপূর্ব সাফল্য পেয়েছি আমরা। চলতি অর্থবর্ষে ২১ হাজার কোটি টাকার প্রতিরক্ষা সামগ্রী রপ্তানি করা হয়েছে। স্বাধীন ভারতের ইতিহাসে এই ঘটনা প্রথমবার।" প্রতিরক্ষামন্ত্রী আরও জানান, "২০২৩-২৪ অর্থবর্ষের তুলনায় এবার ৩২.৫ শতাংশ বৃদ্ধি পেয়েছে প্রতিরক্ষা সামগ্রীর রপ্তানি। টাকার অংকে যা ২১ হাজার ৮৩ কোটি।"

প্রতিরক্ষা ক্ষেত্রে এই সাফল্যের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে ধন্যবাদ জানান রাজনাথ সিং। এক্স হ্যান্ডেলে তিনি লেখেন, "প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দূরদর্শীতা ও তাঁর নেতৃত্বের জন্যই এই সাফল্যের সামনে দেশ। পাশাপাশি এই শিখর ছোঁয়ার পিছনে যাঁদের অপার সহযোগিতা তাঁদের প্রত্যেককে অভিনন্দন।"

চুক্তিভিত্তিক মার্কেটিং জানার সাংবাদিক নিয়োগ করা হবে।
সব রাজ্যে,
সব জেলা ও মহকুমাতে।
যে সব মার্কেটিং জানা সাংবাদিকরা কাগজের সঙ্গে যুক্ত হতে ইচ্ছুক ,
যোগাযোগ করুন ৯৫৬৪৩৮২০৩১

## প্রধানমন্ত্রী আরবিআই@৯০-র উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দিয়েছেন

**নয়াদিল্লি, ০১ এপ্রিল, ২০২৪ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ মহারাষ্ট্রের মুম্বাইতে রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার ৯০ বছর উপলক্ষে আরবিআই@৯০-র উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দিয়েছেন। শ্রী মোদী আরবিআই-এর ৯০ বছর উপলক্ষে একটি স্মারক মুদ্রারও প্রকাশ করেন। রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (আরবিআই) ১৯৩৫-এর পয়লা এপ্রিল কাজ শুরু করেছিল এবং আজ পড়লো ৯০ বছরে।

অনুষ্ঠানে ভাষণে প্রধানমন্ত্রী বলেন যে, রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া ৯০ বছর সম্পূর্ণ করে আজ ঐতিহাসিক মাইলফলকে পৌঁছেছে।

তিনি বলেন, আরবিআই স্বাধীনতা পূর্ব এবং স্বাধীনতা পরবর্তী সময় দুয়েরই সাক্ষী থেকেছে এবং নিজের পেশাদারিত্ব এবং দায়বদ্ধতার জোরে বিশ্বজুড়ে নিজস্ব পরিচিতি তৈরি করেছে। প্রধানমন্ত্রী আরবিআই-এর ৯০ বর্ষপূর্তি উপলক্ষে সকল কর্মীকে অভিনন্দন জানিয়েছেন। আরবিআই-এর বর্তমান কর্মীরা ভাগ্যবান জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, আজ যে নীতি তৈরি হচ্ছে তা আরবিআই-এর পরবর্তী দশকটিকে রূপ দেবে এবং পরবর্তী ওই ১০ বছরে আরবিআই পৌঁছে যাবে শতবর্ষে। দ্রুতগতির বৃদ্ধিতে অগ্রাধিকার এবং আস্থা ও স্থায়িত্বে আরবিআই-এর বিশেষ নজরের উল্লেখ করে প্রধানমন্ত্রী মোদী বলেন, 'আগামী দশক বিকশিত ভারতের সংকল্পের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।' প্রধানমন্ত্রী লক্ষ্য এবং সংকল্প পূরণের জন্য তাঁর শুভেচ্ছাও জানান।

দেশে জিডিপি এবং অর্থনীতিতে মুদ্রা নীতি এবং আর্থিক নীতির সমন্বয়ের গুরুত্বের ওপর জোর দিয়ে প্রধানমন্ত্রী ২০১৪ সালে আরবিআই-এর ৮০ বছর পূর্তি উৎসবকে স্মরণ করেন এবং সেই সময় দেশের ব্যাঙ্কিং ব্যবস্থার সামনে অনুৎপাদক সম্পদ এবং স্থিরতার সমস্যা ও সংকটকে মনে করিয়ে দেন। তিনি বলেন যে সেই থেকে শুরু করে আজ আমরা একটি বিন্দুতে পৌঁছেছি যেখানে ভারতীয় ব্যাঙ্কিং ব্যবস্থাকে সারা বিশ্বের মধ্যে শক্তিশালী এবং দীর্ঘস্থায়ী ব্যাঙ্কিং ব্যবস্থা হিসেবে দেখা হচ্ছে। একসময়ে প্রায় মুমূর্ষু ব্যাঙ্কিং ব্যবস্থা আজ লাভের মুখ দেখছে এবং রেকর্ড পরিমাণ ঋণ প্রদান করছে।

প্রধানমন্ত্রী রূপান্তরের জন্য নীতির স্বচ্ছতা, উদ্দেশ্য এবং সিদ্ধান্তকে কৃতিত্ব দেন। প্রধানমন্ত্রী বলেন, 'যখন উদ্দেশ্য ঠিক হয়, তখন ফলাফলও সঠিক হয়।' সংস্কারের সার্বিক প্রকৃতি সম্পর্কে বলতে গিয়ে প্রধানমন্ত্রী জানান যে, সরকার স্বীকৃতি, সংকল্প এবং পুনর্মূলধনীকরণের কৌশল নিয়ে কাজ করছে। বহু প্রশাসনিক সংস্কারের পাশাপাশি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিকে সাহায্য করতে ৩.৫ লক্ষ কোটি টাকা মূলধন দেওয়ার কাজ হাতে নেওয়া হয়েছে। শুধুমাত্র দেউলিয়া বিধির ফলেই ৩.২৫ লক্ষ টাকা পরিমাণের ঋণের সমাধান হয়ে গেছে বলে উল্লেখ করেন প্রধানমন্ত্রী। তিনি এও জানান যে ৯ লক্ষ কোটি টাকার বেশি খেলাপি সংক্রান্ত ২৭,০০০-এর বেশি আবেদনের সমাধান হয়েছে আইবিসি গ্রহণ করার আগেই। ২০১৮-য় ব্যাঙ্কের মোট অনুৎপাদক সম্পদ ছিল ১১.২৫ শতাংশ, তা ২০২৩এর সেপ্টেম্বরের মধ্যে কমে ৩ শতাংশের নীচে নেমে গেছে। তিনি বলেন যে, দুটি করে ব্যালেন্স শিটের সমস্যা এখন অতীত। প্রধানমন্ত্রী মোদী এই রূপান্তরের জন্য আরবিআই-এর অবদানের প্রশংসা করেন।

প্রধানমন্ত্রী মোদী বলেন যে, আরবিআই নিয়ে আলোচনা যদিও আর্থিক সংজ্ঞা এবং

এরপর ৪ পাতায়

২ পাতার পর

# ১০০ দিনের কাজের টাকা নিয়ে নয় ছয়ের অভিযোগ, গ্রেপ্তার ২

বলেছিলাম, কাজ বাবদ সবার যে টাকা প্রাপ্য, সেই টাকা যেন উনি এসে আমাদের সবাইকে ভাগ করে দেন। কিন্তু তিনি আসেনওনি, টাকাও দেননি। সেটাই আমাদের রাগের বিষয়। ওরা গ্রেপ্তার হোক আর যাই হোক, আমাদের দাবি, সেই টাকা যেন আমরা পাই।" বনগাঁ থানার পুলিশ সূত্রে খবর, ধৃত প্রসেনজিৎ ঘোষ ও রূপালি মণ্ডল নাকি সই জাল করে আর্থিক নয়ছয় করেছেন। দুজনেই গাইঘাটার বাসিন্দা। অভিযোগের ভিত্তিতে তাঁদের গ্রেপ্তার করে বনগাঁ আদালতে তোলা হবে আজ।এনিয়ে গ্রামবাসীদের বিক্ষোভে সোমবার উত্তেজনা ছড়াল সুটিয়া পঞ্চায়েত এলাকায়।

গাইঘাটার সুটিয়া পঞ্চায়েত এলাকার বাসিন্দারা জানাচ্ছেন, তাঁরা একমাস ১০০ দিনের কাজ করেছিলেন। কেন্দ্র এতদিন সেই টাকা না দেওয়ায় রাজ্য সরকারই সেই টাকা তাঁদের অ্যাকাউন্টে দিচ্ছে। সম্প্রতি রাজ্যের টাকা মিলেছে ১০০ দিনের শ্রমিকদের। কিন্তু অভিযোগ, সুপারভাইজার বিভিন্ন অ্যাকাউন্টে বিভিন্ন অঙ্কের টাকা জমা দিয়েছেন। তাঁদের দাবি, প্রাপ্য টাকা সমহারে বণ্টন করে দিতে হবে। কিন্তু সুপারভাইজার তাতে রাজি না হওয়ায় তাঁর বিরুদ্ধে টাকা নয়ছয়ের অভিযোগ করেছেন গ্রামবাসীরা।

২ পাতার পর

# বাংলার যে ১৪ লক্ষ মানুষ উজ্জ্বলা গ্যাস থেকে বঞ্চিত বলে অভিযোগ

প্রায় ১৪ লক্ষ মানুষ উজ্জ্বলা যোজনায় বিনামূল্যে গ্যাস সংযোগ থেকে বঞ্চিত।বিরোধ কোথায়? কেন্দ্রের শর্ত ছিল জেলাস্তরে যে কমিটি গড়ে তোলা হবে সেখানে জেলা শাসককে মাথায় রাখলেও সেখানে ঠাঁই দিতে হবে গ্যাস বা তেল সংস্থার কর্তাদের পাশাপাশি সমাজের 'মান্যগণ্য'-দের। এই মান্যগণ্য কারা? যারা আদতে বিজেপি ঘনিষ্ঠ। আর সেখানেই আপত্তি জানান জেলা শাসকেরা। তাঁদের দাবি, যে ভাবে কমিটি করা হচ্ছে তাতে পরবর্তীকালে এই প্রকল্প ঘিরে দুর্নীতির অভিযোগ উঠতে বাধ্য। আর তখন ফাঁসবেন তাঁরাই। তাঁদের কার্যত কমিটিতে রাখাই হয়েছে 'সই' করানোর জন্য। বাকি সব কিছুই ঠিক করার ক্ষমতা দেওয়ায় হয়েছে ওই বিজেপি ঘনিষ্ঠদের। ফলে প্রকৃত বিপিএল তালিকাভুক্ত মানুষেরা ওই প্রকল্পের সুবিধা থেকে বঞ্চিত থেকে যাবেন। লাভবান হবেন বিজেপির কর্মী ও সমর্থকেরা।

১-ম পাতার পর

## ভোট আবহে ফের লক্ষ লক্ষ টাকার সোনা উদ্ধার

করেছে। হোয়াটসঅ্যাপ মেসেজ বা সোনা চোরাচালান সম্পর্কিত ভয়েস বার্তাও পাঠানো যেতে পারে। সঠিক তথ্য প্রদানকারী ব্যক্তিকে একটি পুরস্কৃত করা হবে এবং পরিচয় গোপন রাখা হবে।বাংলাদেশ থেকে ভারতে সোনা পাচারের ঘটনা নতুন কিছু নয়। এখনও পেট্রোপোল সীমান্তে সক্রিয় পাচারকারীদের চক্র। ফলে চোরাচালানের ক্ষেত্রে স্পর্শকাতর এই এলাকায় কড়া নজর রাখে বিএসএফ। এক্ষেত্রেও তাদের কাছে খবর ছিল ট্রাকের মাধ্যমে সোনা পাচারের। সেই মতোই সতর্ক ছিলেন জওয়ানরা। বিএসএফের মুখপাত্র জানিয়েছেন, শুক্রবার দক্ষিণবঙ্গ ফ্রন্টিয়ারের অন্তর্গত একটি ট্রাককে প্রথমে আটক করা হয়। সেই ট্রাকের কেবিনে লুকিয়ে রাখা দুটি সিলভার-কোটেড সোনা কাদা উদ্ধার হয়। গ্রেপ্তার করা হয়েছে গাড়ির চালক সহিদুল মন্ডলকে। জিজ্ঞাসাবাদের সময় সহিদুল জানায়, সে একটি পরিবহণ ট্রাক ড্রাইভার হিসাবে কাজ করে। ৪ দিন আগে ভারত থেকে রপ্তানি পণ্য বোঝাই ট্রাক নিয়ে বাংলাদেশে গিয়েছিল। সেখানকার বেনাপোলের বাসিন্দা রনি শেখ তাকে সোনা পাচারের ৫ হাজার টাকার প্রস্তাব দিয়েছিল। আর তাতে রাজি হয়েই এই সে এই কাজ করেছে। সহিদুল আরও জানায়, ওই সোনা এক অজ্ঞাত ব্যক্তির হাতে তুলে দেওয়ার কথা ছিল।অন্যদিকে, একইদিনে আরেকটি সোনা পাচারের পরিকল্পনাও ব্যর্থ করে দেন বিএসএফ জওয়ানরা। শুক্রবার সকালে মহম্মদ আলি আবদুল্লাহ কাদার নামে এক যাত্রী নিরাপত্তা ছাড়পত্রের জন্য পেট্রোপোলের বিএসএফ ফ্রিস্কিং পয়েন্টে আসে। তাকে দেখে সন্দেহ হয় জওয়ানদের। সন্দেহভাজন ওই ব্যক্তিকে কাছাকাছি একটি শৌচালয়ে নিয়ে গিয়ে ব্যাপক তল্লাশি চালানো হয়। তখনই তার মলদ্বারের লুকিয়ে থাকা পেস্ট আকারের সোনা-সহ নলাকার আকৃতি দুটি টুকরো উদ্ধার করা হয়। জেরায় কাদার জানায়, কয়েকদিন আগে সে ওমান গিয়েছিল। সেখানে এক বাংলাদেশি ব্যক্তি তাকে ১০ হাজার টাকার লোভ দেখিয়ে ভারতে সোনা পাচারের কথা বলে। জানা গিয়েছে, জওয়ানরা সমস্ত সোনা বাজেয়াপ্ত করে এবং যাত্রী ও চালককে গ্রেপ্তার করেন। দুই পাচারকারী-সহ সোনার জিনিসগুলো পরবর্তী আইনি প্রক্রিয়ার জন্য পেট্রোপোলের কাস্টম অফিসে হস্তান্তর করা হয়েছে।

# সার্ক সাংবাদিক ফোরামের নতুন কার্যনির্বাহী গঠন




**নয়াদিল্লি, এপ্রিল ১, ২০২৪ : নিউজ সারাদিন :** আগামী দুই বছরের জন্য সার্ক সাংবাদিক ফোরামের (এসজেএফ) নতুন কার্যনির্বাহী গঠন করা হয়েছে। সংস্থাটির আন্তর্জাতিক প্রধান রামনাথ বিদ্রোহী আজ এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান।

জারি করা চিঠি অনুসারে, প্রভাত খবর পাটনার গ্রামীণ সংস্করণের সম্পাদক সুশীল ভারতীকে সভাপতি, দিল্লির সিনিয়র সাংবাদিক ড. সমরেন্দ্র পাঠক-নির্বাহী সভাপতি, এমএস জাকারিয়া, রিভিলড পোস্ট, ছত্তিশগড়ের সম্পাদক হিসেবে নিযুক্ত হয়েছেন। সহ-সভাপতি, জন প্রহরি টাইমস বিহারের সম্পাদক শ্যাম নাথ, সিং-প্রধান সাধারণ সম্পাদক, মুস্তাক আহমেদ - হালাত নিউজের প্রধান - জেকে - সম্পাদক, ফারুক শাহমিরি - অনন্ত নাগ টাইমসের মুখপাত্র, অনীশ কুমার - স্বরাজ খবর পাটনার সাধারণ সম্পাদক, গোপাল শর্মা - নিউজ মাক্রান্ত ঝাড়খণ্ডের সেক্রেটারি এবং নিউজ ৭ বৈশালী, বিহারের বীরেন্দ্র কুমারকে কোষাধ্যক্ষ করা হয়েছে। এই নিয়োগগুলি অবিলম্বে ২০২৬ সাল পর্যন্ত কার্যকর করা হয়েছে। শীঘ্রই কমিটির আরও কিছু সদস্যের নাম ঘোষণা করা হবে।



ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৩ বর্ষ ৯০ সংখ্যা ০২ এপ্রিল, ২০২৪ মঙ্গলবার ১৯ চৈত্র, ১৪৩০

## শ্রীমতী শেফালী শরণ প্রেস ইনফরমেশন ব্যুরো'র প্রিন্সিপাল ডায়েরক্টর জেনারেল-এর দায়িত্বভার গ্রহণ করেছেন

**নয়াদিল্লি, ০১ এপ্রিল, ২০২৪ : নিউজ সারাদিন :** শ্রীমতী শেফালী শরণ প্রেস ইনফরমেশন ব্যুরো (পিআইবি)-র প্রিন্সিপাল ডায়রেক্টর জেনারেল পদে দায়িত্বভার গ্রহণ করেছেন। শ্রী মণীশ দেশাই অবসর গ্রহণ করায় শ্রীমতী শরণ তাঁর স্থলাভিষিক্ত হলেন। ১৯৯০ ব্যাচের আইআইএস আধিকারিক শ্রীমতী শরণ তাঁর তিন দশকেরও বেশি দীর্ঘ কর্মজীবনে বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্বভার সামলেছেন। অর্থ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের মিডিয়া পাবলিসিটিরও দায়িত্বে ছিলেন। এছাড়াও, নির্বাচন কমিশনের মুখপাত্র পদেও কাজ করেছেন তিনি।

২০02 থেকে ২০০৭ সাল পর্যন্ত তিনি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের সেন্ট্রাল স্টাফিং প্রকল্পেও কাজ করেছেন। লোকসভা সেক্রেটারিয়েট-এ ২০০৭-০৮ সাল পর্যন্ত এলএসটিভির প্রশাসন ও অর্থ দপ্তরের নির্দেশক পদে আসীন ছিলেন। দায়িত্বভার গ্রহণ করার পর শ্রীমতী শরণকে প্রেস ইনফরমেশন ব্যুরো'র পদস্থ আধিকারিকরা স্বাগত জানান।

## সম্পাদকীয়

### বিরাট দায়িত্ব দেওয়া থাকে সিবিআইয়ের উপর

দেশের প্রথম সারির তদন্তকারী সংস্থাগুলির উপর সাধ্যাতিত চাপ দেওয়া হচ্ছে। যদিও তাদের কেবল সেই মামলাগুলির তদন্ত করা উচিত, যা জাতীয় নিরাপত্তা এবং দেশবিরোধী অপরাধের সঙ্গে সংযুক্ত। সিবিআইয়ের প্রতিষ্ঠা দিবসের মঞ্চ থেকে এই বার্তা দিলেন সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় । এদিকে রবিবার দিল্লির রামলীলা ময়দানে হেমন্ত ও কেজিরওয়ালের গ্রেপ্তারির প্রতিবাদে সরব হয় ইন্ডিয়া জোট। সেখানে ঘুরেফিরে এসেছে বিরোধীদের বিরুদ্ধে কেন্দ্রীয় এজেন্সিকে ব্যবহারের অভিযোগ। এই অবস্থায় ভোটের আবহে প্রধান বিচারপতির মন্তব্যে ইঙ্গিতবাহী বলেই মনে করছে শাসক ও বিরোধী দুই পক্ষ ।ওই অনুষ্ঠানে নিজের ভাষণে তিনি আরও বলেন, যুগ পরিবর্তনের সঙ্গে প্রযুক্তিগত কঠিন সব চ্যালেঞ্জ মুখে পড়তে হচ্ছে কেন্দ্রীয় সংস্থাগুলিকে। উল্লেখ্য, কংগ্রেস-তৃণমূল-আপের মতো বিরোধী দলগুলির অভিযোগ মোদি সরকার সিবিআই-ইডির মতো কেন্দ্রীয় তদন্তসংস্থাগুলিকে রাজনৈতিক অভিসন্ধিতে ব্যবহার করছে। এই অবস্থায় প্রধান বিচারপতির মন্তব্য তাৎপর্যপূর্ণ বলেই মনে করা হচ্ছে।সোমবার সিবিআইয়ের প্রতিষ্ঠা দিবসে ২০তম ডিপি কোহলি স্মৃতি বক্তৃতা দেন বিচারপতি চন্দ্রচূড়। সেখানে তিনি বলেন, সিবিআইকে ক্রমবর্ধমানভাবে দুর্নীতিবিরোধী তদন্তকারী সংস্থা হিসাবে তার ভূমিকার বাইরে বিভিন্ন ধরণের ফৌজদারি মামলাগুলি খতিয়ে দেখতে বলা হচ্ছে। বিরাট দায়িত্ব দেওয়া থাকে সিবিআইয়ের উপর। এর পরেই তিনি বলেন, প্রথমসারির তদন্তকারী সংস্থাগুলির উপর বিপুল পরিমাণ চাপ দেওয়া হচ্ছে। যদিও জাতীয় নিরাপত্তা, দেশবিরোধী বড় অর্থনৈতিক অপরাধের মতো মামলাগুলিই তাদের প্রধান লক্ষ্য হওয়া উচিত।উল্লেখ্য, ভোটের মুখে জমি দুর্নীতি মামলায় ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেন এবং আবগারি দুর্নীতি মামলায় দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালকে গ্রেপ্তার করেছে ইডি। পশ্চিমবঙ্গেও নিয়োগ দুর্নীতি-সহ একাধিক মামলায় তদন্ত চালাচ্ছে ইডি এবং সিবিআই। গোটা ভারতে দুই কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার হাতে রয়েছে অসংখ্য মামলা। এর মধ্যে বহু মামলা দীর্ঘদিন ধরে চললেও সমাধান হয়নি।

# বৃন্দাবনে শ্রী কৃষ্ণ জীবিত



মৃত্যুঞ্জয় সরদার

(শেষ পর্ব)



কেন রাতের পর কোন মানুষ এই অঞ্চলের দিকে তাকিয়েও দেখেনা? স্থানীয় মানুষের বিশ্বাস এই স্থানে রাতে যে থাকে তার দৃষ্টি শক্তি ও বাক শক্তি হারিয়ে যায় এবং দু দিন এর মধ্যে তার মৃত্যু হয় আনন্দ উল্লাস করে। বেশ কয়েকটি বৈজ্ঞানিক সংস্থা দাবি, লোক কথার সত্যতা খোঁজ করতে গিয়ে গোপনে এই স্থানে রাত কাটাতে গেছিল এক ব্যক্তি। আর তারপর যা হওয়ার তাই হয়। মৃত্যুর আগে সেই ব্যক্তি তার অভিজ্ঞতা কথা লিখে রঙমহলে রহস্যজনক ঘটনার কথা বলে গেছেন, যা মথুরার সরকারি সংগ্রহশালায় তথ্য প্রমাণ হিসাবে রেখে দেওয়া আছে। প্রতি রাতে সন্ধ্যারতির পর মন্দিরে রূপোর পালঙ্ক সাজিয়ে রাখা হয়। থালায় পান ও লাড্ডু ভোগ হিসাবে রাখা থাকে। শ্রীকৃষ্ণ নিজেই খেয়ে ফেলতে সে কথা আজও প্রচলিত আছে, স্বয়ং কৃষ্ণ অতি শক্তিশালী সে কথা বলতে গেলে বলতে হয়

একজন ভক্ত কেমন হওয়া উচিত এবং ভক্তি কেমন হওয়া উচিত তার সেরা উদাহরণ হল মীরা বাই। শৈশবে তার সঙ্গে এমন একটি ঘটনা ঘটেছিল, যার পরে মীরা তার কৈশোর থেকে তার মৃত্যু পর্যন্ত শ্রী কৃষ্ণকে তার সবকিছু হিসাবে গ্রহণ করেছিল এবং কেবল তাকে স্মরণ করে তার মধ্যে লীন হয়ে গিয়েছিল। কিন্তু মীরা বাই সম্পর্কে কতটুকু জানেন শুধুমাত্র 'শ্রী কৃষ্ণ ভক্ত'। মীরা শ্রী কৃষ্ণের ভক্ত ছিলেন, কিন্তু শ্রী কৃষ্ণের সঙ্গে সংযোগ এবং শ্রী কৃষ্ণের সঙ্গে মিলিত হওয়ার সময় কালে, মীরার সঙ্গে এমন অনেক ঘটনা ঘটেছিল, যার সম্পর্কে অনেকেই জানেন না, এগুলো জানলে তবেই আপনি মীরার ভক্তি সম্পর্কে জানতে এবং বুঝতে পারবেন।মীরাবাঈ শুধু একটি নাম নয়, তার রয়েছে ভক্তি, বিশ্বাস ও শ্রদ্ধার মর্যাদা। মীরাবাঈ ১৫০৪ খ্রীষ্টাব্দে মেরতাতে রাজা রতন সিংহের বাড়িতে জন্মগ্রহণ করেন। মীরা ছিলেন যোধপুরের রাঠোর রতন সিংয়ের একমাত্র মেয়ে। রাজপুতানা জাতিতে জন্ম নেওয়া মীরাবাঈয়ের বাড়ির বাইরে বেরোতে কঠোর নিষেধাজ্ঞা ছিল। কিন্তু শৈশবে মীরার সঙ্গে এমন একটি ঘটনা ঘটেছিল, যার পরে তিনি সম্পূর্ণরূপে শ্রী কৃষ্ণের ভক্ত হয়েছিলেন।

মীরাবাঈয়ের বয়স যখন আট বছর, লোকালয়ে বিয়ের হচ্ছে দেখে মীরাবাঈ তাঁর মাকে জিজ্ঞেস করলেন তাঁর বর কে? মীরাবাঈয়ের সন্তানের কৌতূহল কমাতে করতে, তাঁর মা বললেন, তোমার স্বামী শ্রীকৃষ্ণ। এই ঘটনার পর মীরাবাঈ শ্রী কৃষ্ণকে নিজের সর্বস্বরূপে গ্রহণ করেন এবং তাঁর ভক্তিতে নিমগ্ন হন। তিনি শ্রী কৃষ্ণের মূর্তিকে স্নান করেন, নতুন পোশাক পরেন, খাবার দেন, গান করেন এবং নাচ করেন। বয়ঃসন্ধিকালে মীরা কৃষ্ণকে তার স্বামী মনে করতেন। তাই মীরা সর্বদা কৃষ্ণের ভক্তিতে মগ্ন হয়ে গান গাইতেন।মীরাবাঈ মহারানা সাঙ্গের পুত্র ভোজরাজের সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হন, যাকে পরবর্তীতে মহারানা কুম্ভ বলা হতো। বিয়ের প্রথম দিনই মীরা তাঁর স্বামীকে বলেছিলেন যে তাঁর স্বামী একমাত্র শ্রীকৃষ্ণ। কিন্তু মহারানা কুম্ভ মীরার এই আলোচনাকে একটি রসিকতা বলে মনে করেন। তবে, ধীরে ধীরে শ্রী কৃষ্ণের প্রতি মীরার ভক্তি দেখে তিনিও নিশ্চিত হন যে মীরা শ্রী কৃষ্ণের জন্য পাগল। বিয়ের পরও মীরা শ্রীকৃষ্ণের ভক্তিতে মগ্ন হতে থাকে। তিনি মন্দিরে গিয়ে কৃষ্ণের মূর্তির সামনে গান গাইতেন এবং নাচতেন। মীরার এসব কর্মকাণ্ডে তার শ্বশুরবাড়ির লোকজন রেগে যেতে থাকে।

যখন মীরাকে পান করতে হয়েছে বিষ-

কিছুকাল পর মীরার স্বামী যুদ্ধের সময় মারা যান। স্বামীর মৃত্যুর পর শ্বশুরবাড়ির লোকজন মীরাকে সতীদাহ করতে বললে মীরা বলেন, আমার স্বামী শ্রীকৃষ্ণ। মীরা তাঁর স্বামীর মৃত্যুর পরেও মন্দিরে যেতে শুরু করে এবং গান গেয়ে নাচতে শুরু করে। এতে তাঁর শ্বশুরবাড়ির লোকজন মীরাকে ব্যভিচারিণী হিসেবে অভিযুক্ত করে এবং মীরাকে এক মজলিসে বিষ পান করতে বলা হয়। শ্রীকৃষ্ণের নাম জপ করতে করতে মীরাও বিষ পান করেন। উপস্থিত সবার মনে হয় মীরা এখন আর বাঁচবে না। কিন্তু মীরার জন্য বিষের পেয়ালা অমৃত হয়ে গেল। শ্রীকৃষ্ণের কৃপায় মীরার উপর বিষের কোন প্রভাব পড়েনি।কিভাবে মীরা মারা গেল-

শ্বশুরবাড়িতে অনেক অত্যাচার সহ্য করার পর, অত্যাচার সহ্যের বাইরে চলে গেলে মীরা প্রাসাদ ত্যাগ করে বৃন্দাবনে চলে যান বহু স্থানে তীর্থযাত্রা করে। অন্যদিকে মীরা প্রাসাদ ত্যাগ করার কারণে রাজ্যে অশান্তি শুরু হয়। ব্রাহ্মণরা বলল, মীরা ফিরে এলে সব ঠিক হয়ে যাবে। মীরার সন্ধানে দুজন সৈন্যও পাঠানো হয়েছিল, তারা মীরাকে তাদের সঙ্গে ফিরে আসার জন্য অনুরোধ করেছিল, কিন্তু মীরা প্রত্যাখ্যান করেছিল। সৈন্যরা বলল, আমাদের সঙ্গে জীবিত না ফিরলে আমরাও ফিরব না, আমাদের পরিবারের কথা ভাবুন।

মীরা সৈন্যদের বলল, আমি যদি তোমাদের আসার আগেই পৃথিবী ছেড়ে চলে যেতাম, তাহলে কি তোমরা খালি হাতে ফিরতে? সৈনিক বলল তখন তাকে ফিরতে হবে। একথা শুনে মীরা একটি তারযুক্ত যন্ত্র, একটি তারা তুলে নিয়ে শ্রীকৃষ্ণের স্তব করতে লাগলেন। মীরার চোখ থেকে প্রেমের অশ্রু প্রবাহিত হতে থাকে এবং একই সঙ্গে মীরা শ্রী কৃষ্ণের মূর্তির মধ্যে লীন হয়ে যায়।

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

৩ পাতার পর

# প্রধানমন্ত্রী আরবিআই@৯০-র উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দিয়েছেন

জটিল নামকরণে সীমাবদ্ধ থাকে প্রায়ই, কিন্তু আরবিআই-এর কাজে সরাসরি প্রভাব পড়ে সাধারণ মানুষের জীবনে। প্রধানমন্ত্রী বলেন, গত ১০ বছরে সরকার কেন্দ্রীয় ব্যাঙ্ক, ব্যাঙ্কিং ব্যবস্থা এবং পংক্তির শেষতম ব্যক্তির মধ্যে সম্পর্কের ওপর আলোকপাত করেন এবং দরিদ্র মানুষের আর্থিক অন্তর্ভুক্তির উদাহরণ দেন। তিনি বলেন যে দেশে ৫২ কোটি জনধন অ্যাকাউন্টের ৫৫ শতাংশই মহিলাদের। তিনি আর্থিক অন্তর্ভুক্তির প্রভাবের উল্লেখ করে বলেন, কৃষি এবং মৎস্য চাষ ক্ষেত্রে যেখানে ৭ কোটির বেশি কৃষক মৎস্যজীবী এবং পশুপালক পিএম কিষাণ ক্রেডিট কার্ডের সুবিধা পাচ্ছে, ফলে গ্রামীণ অর্থনীতির উল্লেখযোগ্য বৃদ্ধি ঘটছে। গত ১০ বছরে সমবায় ক্ষেত্রে অগ্রগতির উল্লেখ করে প্রধানমন্ত্রী সমবায় ব্যাঙ্ক সংক্রান্ত রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার নিয়মবিধির গুরুত্বের ওপর আলোকপাত করেন। তিনি এও বলেন যে, ইউপিআই'র মাধ্যমে মাসে ১২০০ কোটির বেশি লেনদেন এটিকে আন্তর্জাতিক স্বীকৃত মঞ্চের রূপ দিয়েছে। প্রধানমন্ত্রী সেন্ট্রাল ব্যাঙ্ক ডিজিটাল কারেন্সি নিয়ে কাজকর্ম বিষয়ে বলেন, গত ১০ বছরে যত রূপান্তর ঘটেছে তাতে নতুন ব্যাঙ্কিং ব্যবস্থা, অর্থনীতি এবং মুদ্রা ব্যবস্থা তৈরি সহজ হয়েছে।

প্রধানমন্ত্রী আগামী ১০ বছরে লক্ষপূরণে স্বচ্ছতার গুরুত্বের ওপর জোর দেন। ডিজিটাল লেনদেনের প্রসারে নগদ বিহীন অর্থনীতির দ্বারা যে পরিবর্তন সাধিত হয়েছে তার ওপর নজর দেওয়ার গুরুত্বের দিকে দৃষ্টি আকর্ষণ করেন তিনি। আর্থিক অন্তর্ভুক্তি এবং ক্ষমতায়ন প্রক্রিয়া আরও গভীরে নিয়ে যাওয়ার প্রয়োজনীয়তার ওপর তিনি জোর দেন। ভারতের মতো বড় দেশে বৈচিত্রপূর্ণ ব্যাঙ্কিং ব্যবস্থার ওপর জোর দিয়ে প্রধানমন্ত্রী বলেন, ব্যাঙ্কিং ব্যবস্থা সহজ করা এবং নাগরিক কেন্দ্রিক পরিষেবার উন্নতিতে গুরুত্ব দিতে হবে। এই সূত্রে তিনি কৃত্রিম মেধা এবং প্রযুক্তি শিক্ষার ভূমিকার কথা বলেন। দেশে দ্রুত এবং দীর্ঘস্থায়ী উন্নয়নে আরবিআই-এর ভূমিকার ওপর আলোকপাত করেন তিনি। ব্যাঙ্কিং ক্ষেত্রে নিয়মশৃঙ্খলা রক্ষা এবং প্রজ্ঞার সঙ্গে নীতি রূপায়ণে আরবিআই-এর সাফল্যের উল্লেখ করে প্রধানমন্ত্রী বিভিন্ন ক্ষেত্রের প্রয়োজনীয়তার আগাম সমীক্ষা করে স্বতঃস্ফূর্ত সক্রিয় পদক্ষেপ করার আহ্বান জানান। পাশাপাশি ব্যাঙ্কগুলিকে সরকারি সহায়তার আশ্বাস দেন। মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে পদক্ষেপ যেমন মুদ্রাস্ফীতি স্থির করার অধিকার আরবিআই-কে দেওয়ার কথা উল্লেখ করেন প্রধানমন্ত্রী এবং এই ক্ষেত্রে মানিটারি পলিসি কমিটির কাজের প্রশংসা করেন তিনি। বাজারদরের নিয়মিত সমীক্ষা এবং তার সঙ্গে সাযুজ্য রেখে আর্থিক নীতি নেওয়ার ফলেই মুদ্রাস্ফীতি সব সময়ই একটি মাঝামাঝি জায়গায় থাকতে পেরেছে; এমনকি করোনার মতো সংকট কালেও।

প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেন, 'যদি কোনোও দেশের অগ্রাধিকারের ক্ষেত্রগুলি স্পষ্ট হয় তাহলে কেউ তাকে আটকাতে পারবে না।' কোভিড অতিমারির সময় সাধারণ মানুষের জীবনকে অগ্রাধিকার দেওয়া এবং আর্থিক ক্ষেত্রে বিচক্ষণতার দিকে নজর দেওয়ার উদাহরণ দেন তিনি। যার ফলে ওই সংকটকাল অতিক্রম করতে পেরেছিলেন দরিদ্র এবং মধ্যবিত্ত শ্রেণী এবং তারজন্যই আজ দেশের অগ্রগতি হচ্ছে দ্রুততার সঙ্গে। প্রধানমন্ত্রী বলেন, 'ভারতীয় অর্থনীতি এমন একটা সময়ে নতুন রেকর্ড করছে যখন বিশ্বের অনেক দেশই অতিমারীর দরুণ আর্থিক সংকট থেকে এখনও বেরোবার চেষ্টা করে যাচ্ছে।' ভারতের সাফল্যকে বিশ্বের কাছে পৌঁছে দিতে আরবিআই-এর ভূমিকার উল্লেখ করেন তিনি। বিকাশশীল দেশগুলির জন্য মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ এবং উন্নয়নের মধ্যে ভারসাম্য রাখার গুরুত্বের ওপর আলোকপাত করে প্রধানমন্ত্রী আস্থার সঙ্গে বলেন যে, এরজন্য আরবিআই বিশ্বের কাছে একটি মডেল হতে পারে এবং নেতৃত্বদান করতে পারে। যার থেকে সমগ্র দক্ষিণ বিশ্ব অঞ্চল সাহায্য পাবে।

বর্তমানে বিশ্বে ভারত সবচেয়ে বেশি তারুণ্যপূর্ণ দেশ জানিয়ে প্রধানমন্ত্রী যুবাদের প্রত্যাশা পূরণে আরবিআই-এর গুরুত্বপূর্ণ ভূমিকার কথা বলেন। দেশে নতুন নতুন ক্ষেত্রের উদ্ভাবন হচ্ছে যার থেকে আজ যুব সমাজের জন্য একাধিক সুযোগ সৃষ্টি হচ্ছে, তার জন্য সরকারি নীতির প্রশংসা করেন তিনি। দূষণহীন শক্তি ক্ষেত্রের প্রসারের উদাহরণ দেন তিনি এবং সেইসূত্রে সৌরশক্তি, গ্রীন হাইড্রোজেন এবং ইথানল মিশ্রণের কথা বলেন। তিনি দেশে তৈরি ফাইভ-জি প্রযুক্তি এবং প্রতিরক্ষা ক্ষেত্রে রপ্তানী বৃদ্ধির উল্লেখ করেন। ভারতের উৎপাদন শিল্পে এমএসএমই মেরুদণ্ড হয়ে উঠেছে। সেইসূত্রে প্রধানমন্ত্রী জানান, কোভিড অতিমারীর সময় এমএমএমই-গুলিকে সাহায্য করতে ক্রেডিট গ্যারান্টি স্কিম রূপায়ণ করা হয়েছিল। নতুন ক্ষেত্রের সঙ্গে যুক্ত যুব সমাজের জন্য ঋণ নিশ্চিত করতে আরবিআই-কে নতুন নতুন ভাবনা-চিন্তা করতে বলেন প্রধানমন্ত্রী। একবিংশ শতাব্দীতে উদ্ভাবনের গুরুত্বে জোর দিয়ে প্রধানমন্ত্রী আগামীদিনের অত্যাধুনিক প্রযুক্তির ব্যবহারে দক্ষ দল এবং ব্যক্তিকে প্রস্তুত করে রাখার আহ্বান জানান। তিনি ব্যাঙ্কার এবং বিধি প্রস্তুতকারকদের মহাকাশের মতো নতুন এবং পর্যটনের মতো চিরকালীন ক্ষেত্রের প্রয়োজনীয়তা মেটানোর জন্য প্রস্তুত থাকার আহ্বান জানান। তিনি বিশেষজ্ঞদের কথা উল্লেখ করেন যাঁরা মনে করেন যে অযোধ্যা আগামীদিনে বিশ্বে সবচেয়ে বড় ধর্মীয় পর্যটনস্থল হয়ে দাঁড়াবে।

আর্থিক অন্তর্ভুক্তি এবং ডিজিটাল পেমেন্টের জন্য সরকারি কাজের প্রশংসা করেন প্রধানমন্ত্রী এবং জানান, এর জন্য ছোটখাটো ব্যবসা এবং পথ বিক্রেতাদের আর্থিক সক্ষমতায় স্বচ্ছতা তৈরি হয়েছে এবং তাঁদের আর্থিকভাবে ক্ষমতায়নের জন্য এই তথ্যকে কাজে লাগানো উচিত।

আগামী ১০ বছরে ভারতের অর্থনৈতিক স্বনির্ভরতার ওপর জোর দেন প্রধানমন্ত্রী মোদী যাতে ভারতের ওপর আন্তর্জাতিক সংকটের প্রভাব পড়ে কম। শ্রী মোদী বলেন, 'আন্তর্জাতিক জিডিপি বৃদ্ধির ১৫ শতাংশ ভাগিদারী নিয়ে ভারত আন্তর্জাতিক উন্নয়নের ইঞ্জিন হয়ে উঠেছে'। সারা বিশ্বে ভারতীয় টাকাকে গ্রহণযোগ্য করতে প্রয়াসের ওপর জোর দেন তিনি। প্রধানমন্ত্রী অত্যাধিক অর্থনৈতিক প্রসার এবং ঋণ বৃদ্ধির বিষয়টিও ছুঁয়ে যান এবং বলেন অনেক দেশেই বেসরকারি ক্ষেত্রে ঋণের পরিমাণ সেদেশের জিডিপি-র দ্বিগুণ। অনেক দেশের ঋণের মাত্রা বিশ্বে নেতিবাচক প্রভাব ফেলছে বলে তিনি জানান। প্রধানমন্ত্রীর পরামর্শ, ভারতের উন্নয়নের ক্ষমতা এবং সম্ভাবনাকে মাথায় রেখে আরবিআই যেন এই বিষয়ে একটি সমীক্ষা করে।

প্রধানমন্ত্রী মোদী দেশের প্রকল্পগুলির জন্য প্রয়োজনীয় অর্থ সংস্থান করতে শক্তিশালী ব্যাঙ্কিং শিল্পের গুরুত্বের উল্লেখ করেন। এআই এবং ব্লকচেনের মতো প্রযুক্তির জন্য যে পরিবর্তন এসেছে সেটি ছাড়াও ক্রমবর্ধমান ডিজিটাল ব্যাঙ্কিং ব্যবস্থায় সাইবার নিরাপত্তার গুরুত্বের উল্লেখ করেন তিনি। তিনি দর্শক-শ্রোতাদের ব্যবসা পরিচালনা করতে অত্যাধুনিক প্রযুক্তির উদ্ভাবনের অর্থকরী দিকটির কথা মাথায় রেখে ব্যাঙ্কিং ব্যবস্থার কাঠামোয় প্রয়োজনীয় পরিবর্তনের বিষয়টি নিয়ে চিন্তা-ভাবনা করতে বলেন। প্রধানমন্ত্রী সব শেষে বলেন, 'বিকশিত ভারতের জন্য বিশ্বের নামী সংস্থা থেকে শুরু করে পথ বিক্রেতা এবং অত্যাধুনিক ক্ষেত্র থেকে শুরু করে প্রাচীন দেশজ শিল্পের ঋণের সংস্থান করা জরুরি এবং বিকশিত ভারতের ব্যাঙ্কিং ব্যবস্থার সার্বিক রূপ বদল ঘটাতে আরবিআই উপযুক্ত সংস্থা'।

## আদি অনন্ত কাল হইতে শিব ও মনসা জঙ্গল অধিপত্য দেব ও দেবী



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

শিল্প এবং দৈনন্দিন ব্যাবহারের সামগ্রী তৈরি করত মালহার, লোহার, কারমালি, অসুর ইত্যাদি জনজাতি। পাহাড়িয়া জনজাতির লোকেরা ঘুরে ঘুরে কৃষিকাজ করতেন। এসেছি সিধে দুমকার এক পাহাড়তলীতে। ঘন কালচে সবুজে মোরা দুমকা পাহাড়ের কোলে বাবা চুটোনাথ মন্দিরে। ছমছম করা পরিবেশের মধ্যে দিয়ে নামছি মন্দির দর্শনে। এই মন্দির আদিতে ছিল কেবলমাত্র আদিবাসীদের পুজো স্থল, যেখানে শিবলিঙ্গের মতনই দেখতে একটি শিলা পূজিত হয়।

**ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সিনেমার খবর

## ২৫ বছর পর একসঙ্গে এ আর রহমান -প্রভু দেবা



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : গানের জগতের সেরা এ আর রহমান এবং ভারতের নাচের গুরুদেব প্রভুদেবা ২৫ বছর পর আবার একসঙ্গে কাজ করতে চলেছেন। মুকাবলা এবং উর্বশীসহ তামিল মুভি কাধলান এর হিট গানগুলো অসাধারণ সাফল্য লাভ করে। ২৫ বছর পরও সেই গানগুলোর চর্চা তুঙ্গে। হিন্দি এবং তেলেগুতে ডাব করা সংস্করণের পাশাপাশি এই গানগুলোর আসল ভার্সনও বক্স অফিসে আধিপত্য বিস্তার করে এবং একটি প্রজন্মকে প্রভু দেবার নৃত্যের চাল অনুকরণ করতে অনুপ্রাণিত করে।

তাদের উল্লেখযোগ্য কাজ, যেমন জেন্টলম্যান থেকে চিকু বুকু রাইলে, মিস্টার রোমিও থেকে রোমিও আটম এবং কাধলান থেকে পেট্টা র‍্যাপ, বছরের পর বছর ধরে সবার মনে জায়গা করে নিয়েছে।

বর্তমানে তৈরি হওয়া এআরআরপিডি৬ নামে পরিচিত ছবিতেই একসঙ্গে আবারও দেখা যাবে তাদের। এই ছবিটি লেখক ও পরিচালক মনোজ এন এস-এর একটি সৃজনশীল প্রচেষ্টা। ২২ মার্চ সিনেমাটির পোস্টার পোস্ট করার পাশাপাশি এই ঘোষণা দেন রহমান নিজেই।

মিউজিক মেস্ট্রো যে পোস্টারটি শেয়ার করেছিলেন, তাতে 'মুকাবলা' গানের প্রভু দেবার একটি স্মরণীয় ছবি দেখানো হয়েছে, যার পটভূমিতে সোনালি আকাশে রহমানের একটি সোনালি সিলুয়েট সেট করা হয়েছে।

এআরআরপিডি৬-এর কাস্টের মধ্যে রয়েছে প্রভু দেবা, যোগী বাবু সহ মালয়ালম অভিনেতা অজু ভার্গিস এবং অর্জুন অশোকান প্রধান চরিত্রে অভিনয় করছেন। ছবিতে অভিনয় করবেন মোটা রাজেন্দ্রন এবং রেডিন কিংসলেও।

## মুর্শিদাবাদে হোলি উৎসবে মাতলেন অরিজিৎ সিং



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** মাথাটা আকাশকে ছুঁলেও পা-টা মাটিতেই রয়েছে। বিপুল অর্থ, বিশ্বজোড়া খ্যাতি, যশ যে তাকে বিন্দুমাত্র বদলে দিতে পারেনি- তা একাধিক ঘটনার মাধ্যমে বার বার প্রমাণ করেছেন এই সময়ে ভারতের অন্যতম সেরা গায়ক অরিজিৎ সিং। ইচ্ছে করলেই পারতেন আরব সাগরের তীরে মুম্বাই শহরে বি-টাউনের সেলিব্রিটিদের সঙ্গে রঙের উৎসবে মেতে উঠতে। কিন্তু তা তিনি করেননি। বরং শিকড়ের টানে ফিরে এসেছেন নবাবের জেলা বলে পরিচিত পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ জেলার জিয়াগঞ্জ শহরে। গত সোমবার একটু বেলা হতেই স্ত্রী কোয়েল'কে নিয়ে বেরিয়ে পড়েন স্থানীয় বাসিন্দা, পরিচিত মানুষ এবং ছোটবেলার বন্ধুদের সঙ্গে রঙ, আবীর খেলতে। এদিকে রঙের উৎসবে তার সঙ্গে মেতে ওঠার জন্য সকাল থেকে অপেক্ষার প্রহর গুনছিলেন কচিকাঁচা থেকে বিভিন্ন বয়সের মানুষ। সর্বোপরি বন্ধুরা তো ছিলই। বেলা ১২টার দিকে স্ত্রীকে নিয়ে শিবতলার বাড়ি থেকে বের হন গায়ক। প্রথমে তিনি শিবতলা ঘাটে যান। অরিজিৎ সিংকে পেয়ে এলাকাবাসীর দোল উৎসব আরও রঙিন হয়ে ওঠে। আধা ঘণ্টার বেশি সময় ধরে এলাকার বিভিন্ন বয়সের মানুষের সঙ্গে রঙের উৎসবে মেতে ওঠেন তারা। স্থানীয় বাসিন্দা থেকে পথ চলতি মানুষকে তিনি রঙ, আবিরে রাঙিয়ে তোলেন। তাদের কাছ থেকে তিনিও রঙ মাখেন। গায়কের পাশে তার স্ত্রীও ছিলেন। গায়ককে কাছে পেয়ে অল্প বয়সী ছেলেমেয়েরা সেলফি তোলেন। দিনভর ফেস্টিভ মুডে থাকা গায়ক সেলফিতে হাসিমুখে পোজ দেন। শিবতলা ঘাট থেকে নিমতলা ঘাটে যান। ওই এলাকায়ও দোল উৎসবে মাতেন। এরপর বেগমগঞ্জ, বাদুরতলা, ভেল্লাডাঙা হয়ে নেহালিয়ায় যান। নেহালিয়া এলাকায় রয়েছে গায়কের স্ত্রী কোয়েল সিং'এর বাবার বাড়ি। শ্বশুরবাড়ির লোকজনের পাশাপাশি স্থানীয়দের সঙ্গে জমিয়ে দোল উৎসবে মাতেন তিনি। বিকেল ৪টার দিকে স্ত্রীকে নিয়ে বাড়ি ফেরেন।

## ছেলে মানুষ করা খুব কঠিন, কেন বললেন কারিনা?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিয়ের প্রায় ১২ বছর পার করে ফেলেছেন কারিনা কাপুর ও সাইফ আলি খান। বর্তমানে দুই ছেলে তৈমুর আলি খান ও জেহ্‌কে নিয়ে সংসার তাদের। দুই ছেলেকে মানুষ করা যে মুখের কথা নয়, তা স্বীকার করেন নিলেন কারিনা। তৈমুর আর জেহ্‌কে মানুষ করতে গিয়ে নাভিশ্বাস উঠছে তারকা দম্পতির। ২০১৬ সালে প্রথম সন্তান তৈমুরের জন্ম দেন নায়িকা। ২০২১ সালে যুগলের কোলে আসে জাহাঙ্গির ওরফে জেহ। এখন ৭ ও ৩ বছরের দুই সন্তানের মা কারিনা। তবে দুই সন্তানকে মানুষ করতে গিয়ে নাজেহাল দম্পতি। তৈমুর বেশ কিছুটা বড় হওয়ার কারণে ভাইয়ের ওপর খানিক কর্তৃত্ব ফলায়। তাতেই নাকি বাধে অশান্তি! কারিনার কথায়, আমাদের বাড়িতে হঠাৎ হঠাৎ দেখি, সাইফ রেগে চিৎকার করছে। আমি হয়তো ওপরে কিছু একটা করছি। হঠাৎই শুনছি, সাইফ বকাবকি করছে ছেলেদের। হঠাৎই মারপিট শুরু করে ওরা। তারপর আমাদেরই থামাতে হয়। আসলে এই মুহূর্তে দু'জনেই তাদের অস্তিত্ব খুঁজছে। কারিনা আরও বলেন, আসলে তৈমুর বড্ড খবরদারি করে জেহ্‌র ওপর। ব্যস, তাতেই রাগ ছোটটার। আমি আর সইফ ভাবি, কী যে চলছে। আসলে দুটো ছেলে মানুষ করা খুব শক্ত কাজ।

## বিচ্ছেদের গুঞ্জন উড়িয়ে ফের শ্বশুরবাড়িতে ঐশ্বরিয়া







**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বেশ কিছু দিন ধরেই জোর গুঞ্জন চলছে বচ্চন পরিবারের সঙ্গে সম্পর্কের ইতি টানতে যাচ্ছেন বলিউড অভিনেত্রী ঐশ্বরিয়া রাই বচ্চন।


শোনা যায়, এই অভিনেত্রী নাকি স্বামী-শ্বশুরবাড়ি ছেড়ে মায়ের সঙ্গে মেয়েকে নিয়ে আলাদা থাকছেন। এর মধ্যে অবশ্য কয়েকটি অনুষ্ঠানে স্বামী অভিষেক বচ্চনের সঙ্গে দেখা গেছে ঐশ্বরিয়াকে, কিন্তু তার পরেও তাদের বিচ্ছেদ গুঞ্জন থেমে থাকেনি। তবে সব গুঞ্জন উড়িয়ে দিয়ে বচ্চন পরিবারে সঙ্গে এবার রঙের উৎসব পালন করলেন ঐশ্বরিয়া। বচ্চন পরিবারের নাতনি নভ্যা নাভেলি নন্দার শেয়ার করা ছবিতে শ্বশুরবাড়িতে দোল উদযাপন করতে দেখা গেছে এই অভিনেত্রী।

সোশ্যাল মিডিয়ায় হোলির আগের রাতে হোলিকা দহন পালনের ছবি শেয়ার করেছিলেন নভ্যা। বাড়ির উঠানে আগুন জ্বেলে পালন হয় হোলিকা দহন উৎসব। একে অপরকে আবিরের টিপ পরিয়ে দেন সবাই। এরপর দোলের দিন সকালেও একগুচ্ছ ছবি শেয়ার করেন নভ্যা। আদরের নাতনি জড়িয়ে ধরে রয়েছেন অমিতাভ বচ্চন ও জয়া বচ্চনকে। কখনো আবার সেই ছবিতেই ধরা পড়ল ছোটদের মতোই দোল খেলছেন জয়া। একেবারে অন্য মেজাজে দেখা গেল বর্ষীয়ান অভিনেত্রীকে।

সেই সঙ্গে খাওয়া-দাওয়ার ছবিরও শেয়ার করেছেন নভ্যা। বচ্চন পরিবারে এদিন বাড়তি আয়োজন ছিল খাওয়া-দাওয়ারও। আর নভ্যার শেয়ার করে সেই ছবিতে দেখা মিলল ঐশ্বরিয়ারও। সেখানেই দেখা যায়, মেয়ে আরাধ্যাকে নিয়ে বচ্চন পরিবারের সঙ্গেই বিশেষ দিনটি কাটাচ্ছেন ঐশ্বরিয়া। তবে তিনি নিজে বা অভিষেকও সোশ্যাল মিডিয়ায় নিজেদের কোনো ছবি শেয়ার করে দোলের শুভেচ্ছা জানাননি অনুরাগীদের।

যদিও গুঞ্জন রয়েছে যে- বচ্চন পরিবারের সঙ্গে বনিবনা হচ্ছে না ঐশ্বরিয়ার। আর সে কারণেই নাকি বাড়ি ছেড়েছেন অভিষেক ঘরণী। যার সূচনা হয়েছে গেল জন্মদিন থেকে। কারণ তার জন্মদিনে বচ্চন পরিবারের পক্ষ থেকে কোনো শুভেচ্ছা আসেনি। পারিবারিক বিভিন্ন অনুষ্ঠানে তাদের একসঙ্গে দেখা গেলেও দূরত্ব যেন কমছিল না। তবে এরপর দু'জনের একসঙ্গে ছবি শেয়ার করেছিলেন অভিষেক বচ্চন। তবে পরিবারের সঙ্গে দেখা যায়নি ঐশ্বরিয়াকে। গুঞ্জনের পর এই প্রথম পরিবারের সঙ্গে দেখা গেল ঐশ্বরিয়াকে।

## কংগ্রেস থেকে শিবসেনায় যোগ দিলেন গোবিন্দ



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** আবারও রাজনীতিতে ফিরে এলেন বলিউড অভিনেতা গোবিন্দ। বৃহস্পতিবার মুম্বাইয়ের বালাসাহেব ভবনে মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী একনাথ শিন্ডের উপস্থিতিতে শিবসেনায় যোগ দেন গোবিন্দ। পিটিআইয়ের একটি রিপোর্টে জানানো হয়েছে কিছুদিন আগেই একনাথ শিন্ডের সঙ্গে দেখা করেছিলেন গোবিন্দ। সেই মিটিংয়ের পরই তিনি শিবসেনায় যোগ দিলেন।

এর আগেও রাজনীতিতে যোগ দিয়েছিলেন গোবিন্দ। তখন তিনি কংগ্রেসে যোগ দিয়েছিলেন। এমনকি সেই দলের হয়ে ২০০৪ সালে লোকসভায় লড়েছিলেন উত্তর মুম্বাই কেন্দ্র থেকে। তখন তিনি বিজেপির বর্ষীয়ান নেতা রাম নায়ককে পরাজিত করেন। এরপর তিনি কংগ্রেস থেকে মুখ ফেরান এবং ২০০৯ সালের লোকসভা নির্বাচনে না লড়ার সিদ্ধান্ত নেন।

শিবসেনায় যোগ দিয়ে গোবিন্দ বলেন, 'আমি মন দিয়ে ভালো করে কাজ করব। শিল্পের উন্নতির দিকে নজর রাখব।'

একই সঙ্গে তিনি জানান মুম্বাই এখন অনেক বেশি পরিষ্কার পরিচ্ছন্ন। একনাথ শিন্ডের জন্যই সেটা সম্ভব হয়েছে। এছাড়া এ অভিনেতা জানান তার বাবা-মায়ের সঙ্গে শিবসেনার প্রতিষ্ঠাতা বালাসাহেব ঠাকরের খুব ভালো সম্পর্ক ছিল। তবে কি আবার নির্বাচনে লড়বেন গোবিন্দ? সেই বিষয়ে তিনি কোনো উত্তর দেয়নি।

মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী একনাথ শিন্ডে জানিয়েছেন, কোনো শর্ত ছাড়াই গোবিন্দ শিবসেনায় যোগ দিয়েছেন। গোবিন্দ যদি নির্বাচনে লড়েন তাহলে ২০০৪ সালের মতোই তিনি উত্তর মুম্বাই কেন্দ্র থেকেই নির্বাচনে লড়বেন বলে জানা গেছে।

# আমার সব স্বপ্ন পূরণ হয়েছে: মেসি



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** ক্লাব ক্যারিয়ারে সম্ভাব্য সকল শিরোপা জেতার স্বাদ পেয়েছেন লিওনেল মেসি। আক্ষেপ ছিল একটাই- জাতীয় দলের জার্সিতে বিশ্বকাপ জিততে না পারা। সেটাও ঘুচে গেছে ২০২২ বিশ্বকাপে। এছাড়া ব্যক্তিগত অসংখ্য অর্জন তো আছেই। সবমিলিয়ে ফুটবল ক্যারিয়ারের সব স্বপ্ন পূরণ হয়েছে আর্জেন্টাইন খুদে জাদুকরের। 'বিগ টাইমস' নামের এক পডকাস্টে অংশ নিয়ে অবসর ভাবনা ও বার্সেলোনা ছাড়া নিয়ে খোলামেলা কথা বলেছেন মেসি। কবে অবসর নেবেন এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, 'আমি জানি, যখন অনুভব করব যে আর পারফর্ম করতে পারছি না এবং খেলাটাকে আর উপভোগ করছি না কিংবা সতীর্থদের সহায়তা করতে পারছি না; তখন আমি থামবো।'

'আমি নিজেই নিজের সমালোচক। আমি জানি আমি কখন ভালো, কখন খারাপ; কখন ভালো খেলছি এবং কখন খারাপ খেলছি। যখন আমি বুঝতে পারব যে সেই (অবসর নেওয়ার) পদক্ষেপ নেওয়ার সময় হয়েছে, আমি বয়সের কথা না ভেবেই সিদ্ধান্ত নিয়ে নেবো। যদি ভালো অনুভব করি, আমি সবসময় প্রতিদ্বন্দ্বিতা করে যাবে; কারণ আমি এটা পছন্দ করি এবং কীভাবে করতে হবে জানি।'

ক্যারিয়ার থেকে খুব বেশি কিছু আর চাওয়ার নেই মেসির। এত এত অর্জনের জন্য নিজেকে সৌভাগ্যবান ভাবেন বার্সেলোনার সর্বকালের অন্যতম সেরা ফুটবলার। তিনি বলেন, 'সব স্বপ্ন পূরণ হওয়ায় খেলোয়াড়ি দিক থেকে আমি নিজেকে অনেক সৌভাগ্যবান মনে করি এবং সত্যি হলো, এর চেয়ে বেশি কিছু চাওয়ার নেই আমার। ঈশ্বরকে অনেক ধন্যবাদ; তিনি আমাকে পেশাগত এবং ব্যক্তিগত, দুই ভাবেই সবকিছু দিয়েছেন। ঈশ্বর আমাকে এতদিন যা দিয়েছেন সব উপভোগ করেছি, যা আসলে অনেক বেশি।'

## বিশ্বকাপে ব্যর্থতার পর
# আত্মহত্যার কথা ভেবেছিলেন রিচার্লিসন!



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** কাতার বিশ্বকাপে সেমিতে ওঠার ম্যাচে ক্রোয়েশিয়ার কাছে টাইব্রেকারে হেরে শেষ আট থেকে বিদায় নেয় ব্রাজিল। দারুণ ফুটবল খেলেও এভাবে বিশ্বকাপ থেকে ছিটকে যাওয়াটা সহজভাবে নিতে পারেননি রিচার্লিসন। বিশ্বকাপ থেকে বিদায়ের পর মানসিক অবস্থা কেমন হয়েছিল, তা ব্যাখ্যা করে রিচার্লিসন বলেছেন, 'আমি তখন কেবলই নিজের সেরা অবস্থায় বিশ্বকাপ শেষ করেছি। আমার মনে হচ্ছিল, আমি নিজের শেষ সীমায় পৌঁছে গেছি। আমি জানি না কেন, আমি নিজেকে মেরে ফেলতে চেয়েছি বলছি না, কিন্তু হতাশাগ্রস্ত হয়ে পড়েছিলাম এবং আমি হাল ছেড়ে দিতে চাচ্ছিলাম। এমনকি আমাকে মানসিকভাবে শক্তিশালী ভাবা হলেও বিশ্বকাপের পর মনে হচিছল, সব ভেঙে পড়েছে।'

তখন মনোবিদের সাহায্য নিয়েছিলেন রিচার্লিসন। তিনি বলেন, 'আমার মনে হয়, থেরাপিস্টই আমার জীবন বাঁচিয়েছেন। আমি তখন শুধুই বাজে ব্যাপারগুলো নিয়ে ঘাঁটাঘাঁটি করছিলাম। এমনকি গুগলেও আমি সেই আজেবাজে বিষয়গুলো খুঁজে বেড়াচ্ছিলাম। আমি শুধু মৃত্যু নিয়ে আজেবাজে বিষয়গুলো খুঁজতাম।'

'আজ আমি বলতে চাই, আপনার যদি মনোবিদের প্রয়োজন হয়, তবে তার কাছে যান। কারণ, এভাবে নিজেকে মেলে ধরাটা ভালো। ফুটবল ও ফুটবলের বাইরের দুনিয়ার সামনে বিষয়টি নিয়ে আসায় আজ একজন থেরাপিস্ট আমাকে ধন্যবাদ দিয়েছেন। কারণ, আমরা পছন্দ করি বা না করি, এটা খুবই গুরুত্বপূর্ণ। এটা জীবন বাঁচিয়ে দেয়।'-আরও যোগ করেন তিনি।

# ১০০তম ম্যাচ রাঙাতে পারল না পন্ত, রাজস্থানের কাছে হার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভয়ংকর এক গাড়ি দুর্ঘটনার প্রায় দেড় বছর পর আইপিএল দিয়ে আবার ক্রিকেটে ফিরেছেন ঋষভ পন্ত। সেই ফেরাটা জয়ে রাঙাতে পারেননি দিল্লির অধিনায়ক। দ্বিতীয় ম্যাচটিও হারলেন তিনি।

আইপিএল ক্যারিয়ারে ১০০তম ম্যাচ ছিল দিল্লি ক্যাপিটালসের অধিনায়ক ঋষভ পন্তের। এ ম্যাচটাও রাঙানো হলো না তার। পন্তের দল রাজস্থান রয়্যালসের কাছে হেরে গেছে ১২ রানে।

রিয়ান পরাগের ৪৫ বলে অপরাজিত ৮৪ রানে ভর করে রাজস্থান নির্ধারিত ওভারে ৫ উইকেট হারিয়ে ১৮৫ রান তোলে। এই রান তাড়া করতে নেমে দিল্লি ২০ ওভারে ৫ উইকেট হারিয়ে করেছে ১৭৩।

দিল্লির অধিনায়ক পন্ত টস জিতে রাজস্থানকে ব্যাট করতে পাঠায়। ব্যাটিংয়ে নেমে শুরুতেই যশস্বী জয়সওয়াল (৫) ও জস বাটলার (১১) ও সঞ্জু স্যামসনের (১৫) উইকেট হারিয়ে চাপে পড়ে যায় রাজস্থান। ৩৬ রানে ৩ উইকেট হারিয়ে ধুকতে থাকে দলটি।

সেখান থেকে দলকে লড়াইয়ে রাখেন রবিচন্দ্রন অশ্বিন ও রিয়ান পরাগ। ১৯ বলে ২৯ রানের গুরুত্বপূর্ণ ইনিংস খেলেন ভারতীয় স্পিনার অশ্বিন। অশ্বিনের সেই ইনিংসের ফলে চাপ কেটে যায় তরুণ পরাগের উপর থেকে। তিনি দ্রুত রান তুলতে শুরু করেন।

শেষ ওভারে পরাগ নিলেন ২৫ রান। নিজে ৪৫ বলে ৮৪ রান করে অপরাজিত থাকেন। জুরেল ১২ বলে ২০ রান করে সঙ্গ দেন তাকে। শিমরন হেটমেয়ার ৭ বলে ১৪ রান করে অপরাজিত থাকেন।

রান তাড়া করতে নেমে শুরুটা ভালো হয়নি দিল্লির। মিচেল মার্শ আউট হয়ে যান ২৩ রান করে। পন্ত মাত্র ২৮ রান করেন। ওপেনার ডেভিড ওয়ার্নার করেন ৪৯ রান। তিনিই দলের সর্বোচ্চ স্কোরার। এ ছাড়া স্টাবস ২৩ বলে ৪৪ ও অক্ষর ১৩ বলে ১৫ রানে অপরাজিত থেকে শুধু হারের ব্যবধানটাই কমাতে পেরেছেন।

## চূড়ান্ত ইউরোর ২৪ দল:
# কে কোন গ্রুপে?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আগামী জুনে বসবে উয়েফা ইউরোর ১৭তম আসর। জার্মানিতে অনুষ্ঠিতব্য টুর্নামেন্টটির আসন্ন আসরের ড্র হয়েছিল ২০২৩ সালের ডিসেম্বরে। সেবার ২৪ দলের ২১টিকে নিয়ে ড্র অনুষ্ঠিত হয়। তিনটি দল ছিল বাকি। যারা প্লেঅফ খেলে জায়গা করে নিবে চূড়ান্ত পর্বে।

২৭ মার্চ শেষ হয়েছে সেই প্লে'অফ। তাতে চূড়ান্ত হয়েছে ২০২৪ ইউরোর সবগুলো গ্রুপের ২৪টি দল। উয়েফার ওয়েবসাইট থেকে এ তথ্য জানা যায়।

আগেই অবশ্য 'এ', 'বি', ও 'সি' গ্রুপের দলগুলো চূড়ান্ত হয়েছিল। সেখানে 'এ' গ্রুপে- জার্মানি, স্কটল্যান্ড, হাঙ্গেরি ও সুইজারল্যান্ড; 'বি' গ্রুপে- স্পেন, ইতালি, ক্রোয়েশিয়া ও আলবেনিয়া এবং 'সি' গ্রুপে- ইংল্যান্ড, ডেনমার্ক, স্লোভেনিয়া ও সার্বিয়া ছিল।

আর 'ডি', 'ই', ও 'এফ' গ্রুপে একটি করে মোট তিনটি দল বাকি। আর চূড়ান্ত হয়েছিল মোট ৯টি দল। সেখানে 'ডি' গ্রুপে- ছিল ফ্রান্স, নেদারল্যান্ডস, অস্ট্রিয়া ও প্লেঅফ এ। 'ই' গ্রুপে- বেলজিয়াম, স্লোভাকিয়া, রোমানিয়া ও প্লেঅফ বি। এবং 'এফ' গ্রুপে পর্তুগাল, তুরস্ক, চেক প্রজাতন্ত্র ও প্লেঅফ সি।

প্লে'অফ শেষে ওয়েলসকে হারিয়ে 'ডি' গ্রুপে ফ্রান্স, নেদারল্যান্ড ও অস্ট্রিয়ার সঙ্গে জায়গা করে নিয়েছে পোল্যান্ড। আর আইসল্যান্ডকে হারিয়ে 'ই' গ্রুপে যুক্ত হয়েছে ইউক্রেন। এবং গ্রিসকে হারিয়ে প্রথমবারের মতো ইউরোতে জায়গা করে নিয়েছে জর্জিয়া। তারা খেলবে 'এফ' গ্রুপে তুরস্ক, পর্তুগাল ও চেকপ্রজাতন্ত্রের বিপক্ষে।

চলতি বছরের ১৪ জুন মাঠে গড়াবে ইউরো-২০২৪। জার্মানির ১০টি শহরে মাসব্যাপী এই প্রতিযোগিতা চলবে ১৪ জুলাই পর্যন্ত।

## বিশ্বকাপের আগে আরও এক সিরিজের
# সূচি দিলো পাকিস্তান



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** টি-টোয়েন্টি বিশ্বকাপকে সামনে রেখে কয়েকদিন বাদেই ঘরের মাঠে নিউজিল্যান্ডকে আতিথ্য দেবেন বাবর আজমরা। ১৮ এপ্রিল থেকে শুরু হবে পাঁচ ম্যাচের এই টি-টোয়েন্টি সিরিজ। তারপর পাকিস্তান দল উড়াল দেবে আয়ারল্যান্ডে। সেখানে দু'দল তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ খেলবে।

সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া পৃথক পোস্টে দুই দেশের ক্রিকেট বোর্ড এই তথ্য জানিয়েছে। আগামী ১০, ১২ ও ১৪ মে আয়ারল্যান্ডের ডাবলিনে হবে তিনটি টি-টোয়েন্টি ম্যাচ। আগামী জুনে যুক্তরাষ্ট্র ও ওয়েস্ট ইন্ডিজের মাটিতে বসবে টি-টোয়েন্টি বিশ্বকাপ আসর। যেখানে গ্রুপপর্বে পাকিস্তান-আয়ারল্যান্ড ১৬ জুন ফ্লোরিডায় মুখোমুখি হবে।

ওই সিরিজ শেষেই টি-টোয়েন্টির ডিফেন্ডিং চ্যাম্পিয়ন ইংল্যান্ডের সঙ্গে খেলতে দেশটিতে উড়াল দেবে পাকিস্তান। দু'দল আগেই চার ম্যাচের টি-টোয়েন্টি সিরিজের সূচি ঠিক করে রেখেছে। আগামী ২২, ২৫, ২৮ ও ৩০ মে সিরিজের ম্যাচগুলো অনুষ্ঠিত হবে। চারটি ভিন্ন ভেন্যু লিডস, বার্মিংহাম, কার্ডিফ ও লন্ডনে মুখোমুখি হবে পাকিস্তান-ইংল্যান্ড।

এই বিশ্বকাপের জন্য পাকিস্তান যে জোরেশোরে প্রস্তুতি শুরু করে সেটি অনুমান করাই যায়। পিএসএল আসর শেষে বর্তমানে বাবর-শাহিন আফ্রিদিদের সেনা প্রশিক্ষণ চলছে দেশটির অ্যাবোটাবাদে। ২৫ মার্চ থেকে তাদের এই ফিটনেস ক্যাম্প শুরু হয়। বিশ্বকাপের জন্য অবসর ভেঙে ফেরানো হয়েছে দুই তারকা ক্রিকেটার মোহাম্মদ আমির ও ইমাদ ওয়াসিমকে। এরপরই তারা বিশেষ ওই ক্যাম্পে যোগ দেন। সেখানে রাখা হয়েছে অভিমানে পাকিস্তান ছেড়ে সংযুক্ত আরব আমিরাতের হয়ে আন্তর্জাতিক ক্রিকেট শুরু করা ব্যাটার উসমান খানকেও।

## ফুটবলারকে চুমু: বড় শাস্তি পাচ্ছেন
# স্পেনের সেই বোর্ড প্রধান!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিশ্বকাপ জেতার আনন্দে নারী ফুটবলারকে চুমু দিয়ে বিতর্কের জন্ম দেন স্পেন ফুটবল ফেডারেশনের সাবেক সভাপতি লুইস রুবিয়ালেস। এই ঘটনার জেরে চাকরি হারানোর পর এবার বড় শাস্তি পেতে যাচ্ছেন তিনি।

স্প্যানিশ নারী ফুটবলার হেনিফার হারমোসোকে তার ইচ্ছার বিরুদ্ধে চুমু দিয়ে বিপাকে পড়েছেন রুবিয়ালেস। ঘটনার জেরে প্রথমে চাকরি হারান তিনি। বিষয়টি তদন্তের পর এবার বিচারের জন্য তোলা হয়েছে আদালতে। সেখানে দোষী সাব্যস্ত হলে কারাগারে যেতে হতে পারে তাকে।

হেনিফারকে চুমু দেয়ায় রাষ্ট্রপক্ষের আইনজীবী মার্তা দুরান্তেজ ৪৬ বছর বয়সী রুবিয়ালেসের বিরুদ্ধে যৌন নিপীড়ন এবং জবরদস্তিমূলক কর্মকাণ্ডের অভিযোগ এনেছেন। এমন অপরাধের শাস্তি হিসেবে রুবিয়ালেসকে আড়াই বছরের কারাদণ্ড এবং অর্থদণ্ডে দণ্ডিত করার দাবিও জানান তিনি। যৌন নিপীড়নের জন্য ১ বছর এবং জবরদস্তিমূলক কর্মকাণ্ডের জন্য ১৮ মাস বা দেড় বছর সাজা চেয়েছেন দুরান্তেজ। তিনি আরও দাবি করেছেন, হারমোসোকে ৫০ হাজার ইউরো (৫৯ কোটি ৪০ লাখ টাকা) ক্ষতিপূরণও দিতে হবে রুবিয়ালেসকে। দুরান্তেজের অভিযোগ আছে স্পেন নারী দলকে বিশ্বকাপ জেতানো কোচ হোর্হে ভিলদা, ফেডারেশনের বর্তমান ক্রীড়া পরিচালক আলবার্ত লুকি, ফেডারেশনের মার্কেটিং বিভাগের প্রধান রুবেন রিভেরার বিরুদ্ধেও। রুবিয়ালেসকে সমর্থন জানানো এবং 'চুমুটি দুজনের সম্মতিতেই হয়েছিল' হারমোসোকে দিয়ে জোর করে এমন কথা বলানোর অভিযোগ আনা হয়েছে তাদের বিরুদ্ধে। ভিলদা, লুকি ও রিভেরার শাস্তি হিসেবে দেড় বছরের কারাদণ্ড দাবি করেছেন রাষ্ট্রপক্ষের আইনজীবী। এছাড়া হারমোসোকে ক্ষতিপূরণ হিসেবে রুবিয়ালেস, ভিলদা, লুকি ও রিভেরাকে যৌথভাবে আরও ৫০ হাজার ইউরো দিতে বলেছেন। তবে আদালতে উপস্থিত হয়ে ভিলদা, লুকি ও রিভেরা তাদের বিরুদ্ধে আনা সব অভিযোগ অস্বীকার করেছেন।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR